# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 27, 1432 Bangla, March 12, 2026, Thursday, No. 71, 56th year

# H I G H L I G H T S

The first session of the 13th National Parliament is going to begin at 11 am today. President Shahabuddin will address the first sitting in accordance with constitutional provisions. (BBC: 05)

BNP Chairman and Prime Minister Tarique Rahman has instructed his party's ministers and lawmakers to remain polite and cautious in their behavior and public remarks. (Jago FM: 15)

DMP has imposed a ban on carrying all types of weapons, explosives & harmful materials in and around the Jatiya Sangsad Bhaban ahead of the first session of the 13th National Parliament. (Jago FM: 13)

Ruling party MPs have entrusted PM Tarique Rahman with the responsibility of nominating candidates for the posts of speaker & deputy speaker in the first session of the 13th parliament. (BBC: 05)

A Dhaka court has granted bail to journalist Anis Alamgir in a case lodged by the Anti-Corruption Commission for amassing illegal wealth & laundering money abroad. (DW: 10)

Sales of diesel, octane, and gasoline have increased by up to 18 percent amid the war situation in the Middle East. (Jago FM: 13)

Oil prices have increased in at least 85 countries since the start of the war in the Middle East; however, Bangladesh is not on this list. (Jago FM: 14)

The govt has decided to import three cargoes of LNG from two countries at more than double the price amid the ongoing war in the Middle East. (Jago FM: 15)

Health Minister Sardar Md Sakhawat Hossain has expressed hope that the national e-health card will be launched by June to make the country's healthcare system more powerful, integrated & effective. (Jago FM: 18)

A Sri Lankan court has ordered the transfer of the bodies of 84 Iranian sailors killed in a US attack to the Iranian embassy. (DW: 12)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ২৭, বাংলা ১৪৩২, মার্চ ১২, ২০২৬, বৃহস্পতিবার, নং- ৭১, ৫৬তম বছর**

# শিরোনাম

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আজ (বৃহস্পতিবার ১২ই মার্চ) থেকে শুরু হচ্ছে। সকাল ১১টায় রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে ভাষণ দেবেন। (বিবিসি: ০৫)

মন্ত্রী এবং দলের সংসদ সদস্যদের চলনে –বলনে মার্জিত ও সতর্ক থাকতে বলেছেন বিএনপি চেয়ারম্যান , সংসদ নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো এফএম: ১৫)

ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশন কে ঘিরে সংসদ ভবন এলাকাসহ আশপা শের এলাকায় যে কোনো প্রকার অস্ত্র , বিস্ফোরক দ্রব্য, ক্ষতিকারক ও দূষণীয় দ্রব্য বহনে নিষেধাজ্ঞা দিয়েছ ঢাকা মহানগর পুলিশ। (জাগো এফএম: ১৩)

প্রধানমন্ত্রী ও বি এনপির চেয়ানম্যান তা রেক রহমানকে স্পিকার ও ডেপুটি স্পিকার নির্ধারণের ক্ষমতা দিয়েছে সরকার দলীয় সংসদীয় কমিটি। (বিবিসি: ০৫)

দুর্নীতি দমন কমিশন (দুদক)-এর করা মামলায় সাংবাদিক আনিস আলমগীরের জামিন মঞ্জুর করেছেন আদালত। (ডয়েচে ভেলে: ১০)

মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতির মধ্যে ডিজেল, অকটেন, পেট্রোলের বিক্রি বেড়েছে ১৮ শতাংশ পর্যন্ত। (জাগো এফএম: ১৩)

মধ্যপ্রাচ্যে যুদ্ধ শুরুর পর অন্তত ৮৫টি দেশে তেলের দাম বেড়েছে; তবে এই তালিকায় নেই বাংলাদেশ। (জাগো এফএম: ১৪)

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতিতে দ্বিগুণের বেশি দামে দুই দেশ থেকে তিন কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস এলএনজি আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। (জাগো এফএম: ১৫)

দেশের স্বাস্থ্যসেবাকে আরও শক্তিশালী , সমন্বিত ও কার্যকর করতে জাতীয় ই -হেলথ কার্ড আগামী জুনের মধ্যেই চালু করার আশাবাদ ব্যক্ত করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন। (জাগো এফএম: ১৮)

যুক্তরাষ্ট্রের হামলায় নিহত ৮৪ জন নাবিকের মৃতদেহ ইরানের দূতাবাসে হস্তান্তরের নির্দেশ দিয়েছে শ্রীলঙ্কার একটি আদালত। (ডয়েচে ভেলে: ১২)

# বিবিসি

## যেভাবে পরিচালিত হয় বাংলাদেশের জাতীয় সংসদ, এবার ব্যতিক্রম যে কারণে

বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে সরকার গঠন করেছে বিএনপি। সরকার গঠনের পর এখন বসবে ত্রয়োদশ জাতীয় সংসদ। আগামী ১২ মার্চ এই নতুন সংসদের প্রথম অধিবেশন আহ্বান করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। গত ১২ ফেব্রুয়ারি জাতীয় নির্বাচনের পরদিনই অর্থাৎ ১৩ ফেব্রুয়ারি রাতে নির্বাচিত সংসদ সদস্যদের নামে গেজেট প্রকাশ করেছে নির্বাচন কমিশন। আইন অনুযায়ী, গেজেট প্রকাশের ৩০দিনের মধ্যেই অনুষ্ঠিত হতে হয় সংসদ অধিবেশন। বাংলাদেশের সংবিধান অনুযায়ী, সংসদের মেয়াদ প্রথম অধিবেশন থেকে শুরু করে পরবর্তী পাঁচ বছর। সে হিসেবে আগামী ২০৩১ সালের মার্চ পর্যন্ত মেয়াদ থাকবে এই সংসদের। গত ১৭ ফেব্রুয়ারি সংসদ সদস্য হিসেবে শপথ নেওয়ার পর সরকার গঠন করেছে বিএনপি। সরকারি দলীয় নেতা ও প্রধানমন্ত্রী নির্বাচিত হয়েছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। আর বিরোধী দলীয় নেতা নির্বাচিত হয়েছে জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। জাতীয় সংসদের প্রথম অধিবেশনে রীতি অনুযায়ী ভাষণ দেন রাষ্ট্রপতি। ওই অধিবেশনেই আনুষ্ঠানিকভাবে সংসদের স্পিকারও নির্বাচিত হবে। একই দিন ডেপুটি স্পিকারও নির্বাচিত হওয়ার কথা রয়েছে।

বাংলাদেশের বিদ্যমান সংবিধান অনুযায়ী, এক সংসদের পর পরবর্তী সংসদ শুরু না হওয়া পর্যন্ত স্পিকারের মেয়াদ থাকে। বিদায়ী সংসদের স্পিকারই নতুন সংসদের অধিবেশন আহ্বান করেন। নতুন সংসদে স্পিকার ডেপুটি স্পিকার নির্বাচিত করার পরই তার দায়িত্ব শেষ হবে। ২০২৪ সালের আগস্টে ছাত্র-জনতার অভ্যুত্থানে শেখ হাসিনা সরকারের পতন হলে দ্বাদশ সংসদ ভেঙে দেন রাষ্ট্রপতি। সংসদের স্পিকার পদত্যাগ করেছেন অভ্যুত্থানের পরপরই। আর ডেপুটি স্পিকার যিনি ছিলেন তিনিও আছেন কারাগারে। বাংলাদেশের বিদ্যমান সংবিধান ও জাতীয় সংসদের কার্যপ্রণালী বিধি অনুযায়ী, পূর্ববর্তী সংসদের স্পিকার কিংবা ডেপুটি স্পিকারের উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করার কথা। কিন্তু তারা না থাকলে রাষ্ট্রপতি মনোনীত ব্যক্তিই ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে সভাপতিত্ব করতে পারেন অথবা সংসদ সদস্যদের মধ্য থেকে একজনকে নির্বাচিত করে সাময়িকভাবে সভাপতির দায়িত্ব দেওয়া হতে পারে। যেটিকে একটি ব্যতিক্রমী ঘটনা বলছেন বিশ্লেষকরা। অন্যদিকে, সংসদ নেতা ও বিরোধীদলীয় নেতাসহ এবারে যারা সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন, তাদের ৭৬ শতাংশই নতুন। যে কারণে এই সংসদকে একটি ব্যতিক্রমী সংসদ বলেও মনে করছেন সংসদ গবেষকরা। বাংলাদেশের জাতীয় সংসদে আইন প্রণয়ন যে-সব কাজ করে থাকে, তা পরিচালিত হয় সংসদের কার্যপ্রণালী বিধি অনুসরণ করে। বাংলাদেশের সংসদ এবার কেন ব্যতিক্রমী সংসদ কিংবা এই সংসদ সাধারণত কীভাবে পরিচালিত হয়ে থাকে কিংবা আইন পাস করা হয়, কীভাবে তার বিস্তারিত তুলে ধরা হচ্ছে এই প্রতিবেদনে।

### প্রথম অধিবেশনের আনুষ্ঠানিকতা

ত্রয়োদশ জাতীয় সংসদে নির্বাচিত ২৯৬ জন গত ১৭ ফেব্রুয়ারি এমপি হিসেবে শপথ গ্রহণ করেছেন। এই সংসদে সরকার দল, বিরোধী দলসহ যে-সব দল নির্বাচনে জয় পেয়েছে, তার সবগুলো দলীয় প্রধানরাই প্রথমবারের মতো সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। এছাড়াও সংসদ সদস্য হিসেবে যারা নির্বাচিত হয়েছে, তাদের ২৯৬ জনের মধ্যে ২২৭জনই প্রথমবারের মতো সংসদে যাচ্ছেন। যে কারণে বিশ্লেষকরা মনে করছেন, আগামী সংসদের কার্যপ্রণালি, বিধিবিধান, স্থায়ী কমিটির কাজ, আইন প্রণয়নের জটিল প্রক্রিয়াগুলো বুঝতেও কিছুটা সময় লাগবে আগামী সংসদের। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের অধ্যাপক কে এম মহিউদ্দিন বিবিসি বাংলাদেশের জাতীয় সংসদ নিয়ে দীর্ঘদিন গবেষণা করেন। এ নিয়ে তার বইও প্রকাশিত হয়েছে। মি. মহিউদ্দিন বিবিসি বাংলাকে বলেন, "প্রথমত এবারের নির্বাচনে যারা নির্বাচিত তাদের ৭৫ শতাংশের বেশি প্রথমবারের মতো সংসদে। তাদের অনেকেরই কার্যপ্রণালী বিধি সম্পর্কে বিস্তারিত ধারণা নেই। যে কারণে এবারে সংসদে কিছু কিছু ব্যতিক্রমী বিষয়ও দেখা যেতে পারে।" সংসদীয় রীতি অনুযায়ী, সংসদের প্রথম অধিবেশনের প্রথম বৈঠকের শুরুতে বিদায়ী স্পিকার বা তার অনুপস্থিতিতে ডেপুটি স্পিকার সভাপতিত্ব করেন।

প্রথা অনুযায়ী, কোরআন তেলওয়াতের মাধ্যমে বৈঠকের শুরু হয়। উদ্বোধনী বৈঠকের কার্যসূচির মধ্যেই শুরুতেই স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচিত হয়। ওই একই অধিবেশনে বিদায়ী স্পিকারের স্বাগত ভাষণ অর্ন্তভুক্ত থাকে। ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনা সরকার পতনের পর দ্বাদশ সংসদ ভেঙে দেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। তখন থেকেই আত্মগোপনে আছেন স্পিকার শিরীন শারমিন চৌধুরী। সেখান থেকেই চব্বিশের সেপ্টেম্বর পদত্যাগ করেন তিনি। পরে তার পদত্যাগপত্র কার্যকরও হয়েছে। এবার রাষ্ট্রপতি মনোনীত ব্যক্তি আগামী জাতীয় সংসদের অধিবেশনে সভাপতিত্ব করবেন বলে মনে করছেন বিশ্লেষকরা। আবার নির্বাচিত সংসদ সদস্যদের মধ্য থেকে একজনকে স্পিকার নির্বাচিত না হওয়া পর্যন্ত সভাপতি করার জন্য দায়িত্ব দেওয়া হতে পারে, এমনটাও ধারণা করছেন কেউ কেউ।

### স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন

অধ্যাপক কে এম মহিউদ্দিন তার বাংলাদেশের জাতীয় সংসদঃ কাঠামো, কার্যপদ্ধতি ও চর্চা বইয়ে সংসদ কীভাবে পরিচালিত হয়, তার বিস্তারিত বর্ণনা তুলে ধরেছেন। সংসদের নিয়ম অনুযায়ী, প্রথম অধিবেশনের প্রথম বৈঠকের শুরুতে বিদায়ী স্পিকার বা তার অনুপস্থিতিতে ডেপুটি স্পিকার সভাপতিত্ব করেন। প্রথা অনুযায়ী, কোরআন

তেলওয়াতের মাধ্যমে বৈঠকের শুরু হয়। উদ্বোধনী বৈঠকের কার্যসূচির মধ্যেই শুরুতেই স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচিত হয়। ওই একই অধিবেশনে বিদায়ী স্পিকারের স্বাগত ভাষণ অর্ন্তভুক্ত থাকে। এবার রাষ্ট্রপতি মনোনীত ব্যক্তি আগামী জাতীয় সংসদের অধিবেশনে সভাপতিত্ব করবেন বলেই ধারণা করা হচ্ছে। এরপরই সংসদের নতুন স্পিকার নির্বাচিত হবে। নিয়ম অনুযায়ী, সংসদের সরকারি দল থেকেই স্পিকার ডেপুটি স্পিকার নির্বাচিত হয়ে থাকে। তবে এবার জুলাই সনদ ও বিএনপির নির্বাচনি প্রতিশ্রুতি অনুযায়ী বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার পদ দেওয়া হবে। যে কারণে প্রথম সংসদ ডেপুটি স্পিকার পদের নির্বাচন নিয়ে কিছুটা ধোঁয়াশাও রয়েছে। যদিও সংখ্যাগরিষ্ঠ দল বিএনপি স্পিকার পদে কাকে নির্বাচন করবে, সেই বিষয়ে বুধবার সিদ্ধান্ত নিতে যাচ্ছে দলটি। সংসদের প্রথম অধিবেশনে এই দুই পদে নির্বাচনের পরই কিছু সময়ের জন্য সাধারণত ৩০ মিনিটের একটা বিরতি হয়। এই বিরতির মধ্যে সংসদ ভবনে নবনির্বাচিত স্পিকার ও ডেপুটি স্পিকারকে শপথ পাঠ করান রাষ্ট্রপতি। বিরতির মাঝে শপথ অনুষ্ঠিত হয়। শপথের পর সংসদের বৈঠক পুনরায় শুরু হয়। সেখানে রেওয়াজ অনুযায়ী নবনির্বাচিত স্পিকার স্বাগত বক্তব্য রাখেন। পরে দিনের কার্যসূচি অনুযায়ী সভাপতিমন্ডলী মনোনয়ন, শোক প্রস্তাব, নবনির্বাচিত স্পিকার ও ডেপুটি স্পিকারের ধন্যবাদ জ্ঞাপনের পর আবারো একটি বিরতি দেওয়া হয়। বিরতির ও শপথের পর আবারো বৈঠক শুরু হয়। সেখানে রেওয়াজ অনুযায়ী নবনির্বাচিত স্পিকার স্বাগত বক্তব্য রাখেন।

অধ্যাপক মহিউদ্দিন বিবিসি বাংলাকে বলেন, “অনেক সময় একই দিনে স্পিকার ডেপুটি স্পিকার নির্বাচিত হয়ে থাকে। তাদের দুইজনকেই একই দিনে একই সাথে শপথ পড়ান রাষ্ট্রপতি।” তবে এবার একই দিনে ডেপুটি স্পিকারের শপথ নাও হতে পারে বলেও মনে করছেন সরকার ও রাজনীতি বিভাগের এই শিক্ষক।

**গুরুত্বপূর্ণ অংশ; রাষ্ট্রপতির ভাষণ**

জাতীয় সংসদের প্রথম অধিবেশনে স্পিকার-ডেপুটি স্পিকার নির্বাচন ও তাদের শপথ অনুষ্ঠিত হওয়ার পরই রাষ্ট্রপতির ভাষণ সবচেয়ে গুরুত্বপূর্ণ আলোচ্য বিষয়। স্পিকার/ডেপুটি স্পিকারের বক্তব্যের পর রাষ্ট্রপতির ভাষণের অধিবেশন শুরু হবে। অধ্যাপক মহিউদ্দিন তার বইয়ে লিখেছেন, 'প্রথম দিনেই বিরতির পর রাষ্ট্রপতি সংসদ কক্ষে প্রবেশ করলে সংসদের স্পিকার ও সদস্যরা দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করেন এবং একই সময়ে জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়। জাতীয় সংগীত শেষে স্পিকার ও রাষ্ট্রপতি উভয়ে আসন গ্রহণ করেন'। উভয়ের আসনগ্রহণ শেষে সংবিধানের ৭৩ নং অনুচ্ছেদ অনুযায়ী স্পিকার রাষ্ট্রপতিকে ভাষণ দেওয়ার জন্য আহবান জানান। প্রথম অধিবেশনে রাষ্ট্রপতি যে ভাষণ দেন সেই ভাষণ হয় লিখিত। আগে থেকেই সেই ভাষণ মন্ত্রিসভায় অনুমোদন হয়। রাষ্ট্রপতির এই ভাষণে যেমন নতুন সরকারের বক্তব্য থাকে। তেমনি বিগত শাসনামলের বিস্তারিত বিষয়বস্তু যুক্ত থাকে বলে জানান সংসদ বিশেষজ্ঞরা। অধ্যাপক মহিউদ্দিন বিবিসি বাংলাকে বলেন, “এই বক্তব্য মূলত বিগত শাসনমালের নানা বিষয় যেমন যুক্ত থাকে তেমনি নতুন সরকার গঠন এবং এই সরকারের পরিকল্পনার কথাও তুলে ধরা হয়।” রাষ্ট্রপতির ভাষণ শেষে পুনরায় জাতীয় সংগীত পরিবেশিত হয়, তখন স্পিকার এবং সংসদ সদস্যরা দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করেন। রাষ্ট্রপতি সংসদ কক্ষ ত্যাগ করার পর সংসদের বৈঠক মূলতবি ঘোষণা করা হয় এবং এর মধ্য দিয়ে প্রথম বৈঠকের আনুষ্ঠানিকতা শেষ হয় “

রাষ্ট্রপতির ভাষণের দুইটি কপি থাকে। একটি কপি থাকে লিখিত। যেই কপিটি প্রত্যেক সংসদ সদস্যের কাছে আগেই পৌঁছে দেওয়া হয়। আর সংক্ষিপ্ত ভাষণের অংশটুকু প্রথম অধিবেশনে বক্তব্য আকারে দেন রাষ্ট্রপতি। সংসদ বিষয়ক গবেষক অধ্যাপক নিজাম উদ্দিন আহমেদ বিবিসি বাংলাকে বলেন, “রাষ্ট্রপতির ভাষণ শেষে ওইদিনের মতো অধিবেশন শেষ হয়ে যায় বেশিরভাগ সময়। তবে ভাষণের দিন সাধারণত কোনো ধরনের প্রশ্নোত্তর পর্ব থাকে না।” ওই অধিবেশনেই রাষ্ট্রপতির ভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাব উপস্থাপিত হয়। এর ওপর জাতীয় সংসদের নির্বাচিত সংসদ সদস্যরা নানা আলোচনা করে থাকেন বলেও জানান সংসদ গবেষকরা।

**সংসদ পরিচালনা ও সিদ্ধান্ত গ্রহণ**

বাংলাদেশের সংবিধানের পঞ্চম ভাগে জাতীয় সংসদের গঠন কার্যকাল, সদস্য নির্বাচিত হওয়ার যোগ্যতা ও অযোগ্যতা, অধিবেশন অনুষ্ঠান, রাষ্ট্রপতি ও সংসদের বিশেষ অধিকারের বিষয়গুলো রয়েছে। বাংলাদেশের সংবিধান কার্যপ্রণালি বিধি দ্বারা পরিচালিত হয়ে থাকে। সংসদের কার্যপ্রণালি বিধি, স্পিকারের রুলিং ও রীতি রেওয়াজ দ্বারা নিয়ন্ত্রণ করা হয়ে থাকে। বিধি মোতাবেক কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে সংসদ নেতার সাথে পরামর্শক্রমে স্পিকার যে ধরনের নির্দেশনা প্রদান করেন, সেই অনুসারে সংসদের প্রতিদিনের বৈঠকের জন্য 'দিনের কার্যসূচি বা অর্ডার অব দ্যা ডে তৈরি করা হয়। দিনের কার্যতালিকা স্পিকার কর্তৃক অনুমোদের পর জাতীয় সংসদের ওয়েব সাইটে তা প্রকাশ করা হয়। সংসদের বৈঠক শুরু হওয়ার আগে তা প্রত্যেক সংসদ সদস্যের কাছে কার্যতালিকার প্রতিলিপি সরবারহ করা হয়। দিনের কার্যতালিকায় যে-সব বিষয় অর্ন্তভুক্ত থাকে শুধুমাত্র সেসব বিষয়ই সম্পাদন করা যায়। তবে স্পিকারের অনুমোদন পেলে নতুন কোনো কাজ 'সম্পূরক কার্যসূচি' জারি করার রীতিও প্রচলিত রয়েছে। অধ্যাপক কে এম মহিউদ্দিন লিখিত বাংলাদেশের জাতীয় সংসদ: কাঠামো, কার্যপদ্ধতি ও চর্চা বইয়ে সংসদে সিদ্ধান্ত গ্রহণ কীভাবে হয় সেই পদ্ধতি তুলে ধরা হয়েছে। এতে বলা হয়েছে, বিধি অনুযায়ী স্পিকার কর্তৃক সংসদে পেশকৃত কোনো প্রস্তাব সম্পর্কে নির্দিষ্ট দিন ও সময়ে আলোচনা ও বিতর্ক অনুষ্ঠিত হয় এবং সবশেষে সংসদ সদস্যদের ভোটে সিদ্ধান্ত গ্রহণ

করা হয়। সংসদে উত্থাপিত কোনো প্রস্তাব সম্পর্কে বিতর্ক শেষ হওয়ার পর সিদ্ধান্ত গ্রহণের প্রথম উপায় হলো কণ্ঠভোট। কণ্ঠভোটের ফলাফল ঘোষণার পর ভোট গণনা নিয়ে কোনো আপত্তি থাকলে, সেক্ষেত্রে বিভক্তি ভোটের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে। কোনো প্রস্তাবের ওপর ভোট গ্রহণের জন্য কী ধরনের পদ্ধতি অনুসরণ করা হবে, এ বিষয়ে স্পিকার পরিস্থিতি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করেন। কোনো প্রস্তাব সম্পর্কে কণ্ঠভোট গ্রহণ করা হলে যারা প্রস্তাবটির পক্ষে থাকেন, তাঁরা 'হ্যাঁ' এবং যারা বিপক্ষে থাকেন তারা 'না' বলে হাত উত্তোলন করেন। গণনা শেষে স্পিকার হ্যাঁ-পক্ষ অথবা না-পক্ষ জয়ী হয়েছে বলে ঘোষণা করেন। প্রস্তাব সম্পর্কিত স্পিকারের এ সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো সদস্য আপত্তি না করলে স্পিকার পুনরায় দুইবার তাঁর ঘোষণা উচ্চারণ করেন, আর যদি আপত্তি করা হয়, তবে স্পিকার 'বিভক্তি ভোট' কথাটি উচ্চারণ করেন।(বিবিসি ওয়েব পেজ : ১১.০৩.২০২৬ আলী আহমেদ)

## ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন বৃহস্পতিবার

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন বৃহস্পতিবার ১২ই মার্চ থেকে শুরু হচ্ছে। এদিন সকাল ১১টায় রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে ভাষণ দেবেন। রাষ্ট্রপতির এই ভাষণ মন্ত্রিসভা অনুমোদন করবে এবং পরে সংসদ সদস্যরা তা নিয়ে আলোচনা করবেন। এটি ২০২৬ সালেরও প্রথম অধিবেশন। সংসদীয় রীতির সাথে সামঞ্জস্য রেখে রাষ্ট্রপতি প্রতি বছর সংসদের প্রথম অধিবেশনে ভাষণ দেন। এর আগে, গত ২৩ শে ফেব্রুয়ারি রাষ্ট্রপতি সংবিধানের ৭২(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে সংসদের প্রথম অধিবেশন আহ্বান করেন।
(বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

## তারেক রহমানকে স্পিকার-ডেপুটি স্পিকার নির্বাচনের ক্ষমতা দিয়েছেন বিএনপির এমপিরা

প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ানম্যান তারেক রহমানকে স্পিকার ও ডেপুটি স্পিকার নির্ধারণের ক্ষমতা দিয়েছে সরকারদলীয় সংসদীয় কমিটি। স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণা লয়ের মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বরাত দিয়ে বিএনপির ভেরিফায়েড ফেসবুক পেজে এই তথ্য জানানো হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

## সংসদ অধিবেশন শুরু হবে স্পিকারের শূন্য চেয়ার নিয়ে

বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদের কার্যক্রম শুরু হচ্ছে বৃহস্পতিবার। প্রথম দিনেই নতুন স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন করার কথা থাকলেও, সংসদের এ অধিবেশনটির সূচনা হবে 'স্পিকারের শূন্য আসন নিয়ে'। সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে বিএনপির সিদ্ধান্ত অনুযায়ী, সংসদ নেতা তারেক রহমানের প্রারম্ভিক বা স্বাগত বক্তব্যের মাধ্যমে এই অধিবেশনের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হবে। ওই বক্তৃতায় তিনি কোনো একজন সংসদ সদস্যকে অধিবেশনের শুরুতে সভাপতিত্ব করার আহ্বান জানাবেন এবং সেই সভাপতির সভাপতিত্বেই নতুন স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হবে। বাংলাদেশের বিদ্যমান সংবিধান ও জাতীয় সংসদের কার্যপ্রণালী বিধি অনুযায়ী, বিদায়ী সংসদের স্পিকার কিংবা ডেপুটি স্পিকারের নতুন সংসদের উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করার কথা। এর আগে, ২০২৪ সালের ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর জাতীয় সংসদের স্পিকার নির্বাচিত হয়েছিলেন শিরীন শারমিন চৌধুরী। আর ডেপুটি স্পিকার নির্বাচিত হয়েছিলেন শামসুল হক টুকু। কিন্তু ওই বছরের আগস্টে শেখ হাসিনা সরকারের পতনের পর সংসদের স্পিকারের পদ থেকে পদত্যাগ করেছেন মিজ চৌধুরী, আর ডেপুটি স্পিকার মামলার আসামি হয়ে কারাগারে। ফলে এবারের নির্বাচনের পর থেকেই অনেকের মধ্যেই এই কৌতূহল আছে যে, সংসদ অধিবেশনের সূচনায় কে সভাপতিত্ব করবেন। ধারণা করা হচ্ছিল যে, অধিবেশনের আগের দিন সরকারি দলের সংসদীয় দলের সভায় এটি চূড়ান্ত হতে পারে। কিন্তু ওই সভায় বলা হয়েছে, অধিবেশনের প্রারম্ভিক সভাপতি এবং নতুন স্পিকার ও ডেপুটি স্পিকার- এসব কিছুই চূড়ান্ত করার দায়িত্ব সংসদ নেতা তারেক রহমানের হাতে ছেড়ে দেওয়া হয়েছে। "এ অধিবেশনটি জাতীয় জীবনের জন্য গুরুত্বপূর্ণ ও ঐতিহাসিক। কাল বেশ কিছু ঐতিহাসিক সিদ্ধান্ত হবে। সংসদ নেতা প্রারম্ভিক বা স্বাগত বক্তব্যের মধ্যদিয়ে অধিবেশনে কে সভাপতিত্ব করবেন, সেটি বিধি মোতাবেক আহ্বান করবেন," সংসদীয় দলের সভা শেষে সাংবাদিকদের বলেছেন, বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ।

### কাল প্রথম দিনে যা যা হবে

সাধারণত সংসদের প্রথম অধিবেশনের প্রথম দিনে নতুন স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন এবং প্রচলিত প্রথা অনুযায়ী রাষ্ট্রপতির ভাষণের দিকেই সবার নজর থাকলেও এবার পরিস্থিতি অনেকটাই ভিন্ন। বিএনপি নেতা সালাহউদ্দিন আহমদ ও চিফ হুইপ নূরুল ইসলাম মনি দু-জনই সাংবাদিকদের বলেছেন, এবার সংসদের কার্যক্রমের শুরুতেই সংসদ নেতা হিসেবে তারেক রহমান একজনকে সভাপতিত্ব করার আহ্বান জানবেন এবং 'সেই একজন' কে হবে, সেটি তিনিই নির্ধারণ করবেন। "একজন পবিত্র কোরআন তিলাওয়াত করবেন। এরপর সংসদ নেতা এই সভায় সভাপতিত্ব করার জন্য কোনো একজন সিনিয়র নেতার নাম প্রস্তাব করবেন। কোনো একজন সংসদ সদস্য তা সমর্থন করবেন। তারপর ওই সদস্য সভাপতিত্ব করবেন," ব্রিফিংয়ে বলেছেন সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি। তারেক রহমানের সভাপতিত্বে বিএনপির সংসদীয় দলের সভা শেষে তিনি প্রেস ব্রিফিংটি করেন। বাংলাদেশের সংবিধানের ৭৪ অনুচ্ছেদে বলা আছে, কোনো সাধারণ নির্বাচনের পর সংসদের প্রথম বৈঠকে সংসদ সদস্যদের মধ্য হইতে সংসদ একজন স্পিকার ও একজন ডেপুটি স্পিকার নির্বাচিত করবে। সংসদ নেতার আহ্বানে কোনো একজনের সভাপতিত্বে

অধিবেশন শুরুর পর নতুন স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচনের কার্যক্রম শুরু হবে। যদি স্পিকার ও ডেপুটি স্পিকার পদে একাধিক প্রার্থী না থাকে, তাহলে কণ্ঠভোটের মাধ্যমেই স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচিত হওয়ার কথা। স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচনের পর অধিবেশন কিছুক্ষণের জন্য মুলতবি হবে। ওই মুলতবি সময়ে নতুন স্পিকার ও ডেপুটি স্পিকারকে সংসদ ভবনেই শপথবাক্য পাঠ করাবেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। এরপর নতুন স্পিকারের সভাপতিত্বে অধিবেশনের কার্যক্রম শুরু হবে। এরপর সংসদে পাঁচ সদস্যের একটি সভাপতিমণ্ডলী মনোনয়ন, শোক প্রস্তাব উত্থাপন ও আলোচনা, অন্তর্বর্তী সরকারের সময়ে জারি করা অধ্যাদেশগুলো উত্থাপন, কিছু সংসদীয় কমিটি গঠন ও রাষ্ট্রপতির ভাষণের কর্মসূচির কথা জানিয়েছেন চিফ হুইপ। "অর্ডিন্যান্সের জন্য বিশেষ কমিটি হবে। তারা বাছাই করবে এবং এরপর যেটা থাকার সেটা থাকবে আর বাকিটা ল্যাপ্স হয়ে যাবে," বলেছেন তিনি। এরপর রাষ্ট্রপতির ভাষণের মাধ্যমে দিনের কার্যক্রম শেষ হবে এবং প্রথম দিনের অধিবেশন মুলতবি হবে।

প্রসঙ্গত, দেশের সংবিধান অনুযায়ী স্পিকার ও ডেপুটি স্পিকার দুটি পদই সরকারি দল থেকে নির্বাচিত হয়। তবে অন্তর্বর্তী সরকারের সময়ে রাষ্ট্র ব্যবস্থা সংস্কারে যে জুলাই সনদ করা হয়েছে সেখানে বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার পদ রাখার কথা বলা হয়েছে। নির্বাচনের পর বিএনপি জুলাই সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ অনুযায়ী গণপরিষদ সদস্য হিসেবে শপথ নেয়নি। এক্ষেত্রে তারা যুক্তি দিয়েছে যে, সংবিধানে এমন বিধান না থাকায় তারা শপথ নেয়নি। তবে দলটি নিজেদের রাজনৈতিক অঙ্গীকার হিসেবে সংসদের ডেপুটি স্পিকার পদটি নেওয়ার জন্য বিরোধী দল হিসেবে জামায়াতে ইসলামীকে প্রস্তাব দিলেও তারা সেটি গ্রহণ করেনি। জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের সিদ্ধান্তের আগে জামায়াত ত্রয়োদশ জাতীয় সংসদের ডেপুটি স্পিকার পদে নিয়োগ নিতে চায় না বলে জানিয়েছেন দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। 'নাকচ করেছি বলতে হবে, এই মুহূর্তে এইভাবে আমরা ডেপুটি স্পিকার তো নিতে চাইনি। এটা সংসদে আলোচনা হবে, জুলাই সনদের প্রশ্নটা আগে নিষ্পত্তি হতে হবে,' সংসদ ভবনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেছেন তিনি। প্রসঙ্গত, গত ১২ ফেব্রুয়ারির নির্বাচনে দুই তৃতীয়াংশের বেশি আসনে জয়লাভ করার পর ইতোমধ্যে সরকার গঠন করেছে বিএনপি। নির্বাচনের পরদিন গত ১৩ ফেব্রুয়ারি জাতীয় সংসদের নির্বাচিত সংসদ সদস্যদের নামে গেজেট প্রকাশিত হয়েছে। এরপর ১৭ ফেব্রুয়ারি বিএনপি তারেক রহমানকে সংসদীয় দলের প্রধান ও সংসদ নেতা নির্বাচনের পর ওইদিনই বিকেলে প্রধানমন্ত্রী হিসেবে তিনি ও তার মন্ত্রিসভার সদস্যরা শপথ গ্রহণ করেন। এবারের জাতীয় সংসদ নেতা ও বিরোধীদলীয় নেতাসহ যারা সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন তাদের ৭৬ শতাংশই নতুন। যে কারণে এই সংসদকে একটি ব্যতিক্রমী সংসদ বলেও মনে করেন সংসদ গবেষকরা।

**বিএনপির সংসদীয় দলের সভা**

অধিবেশনকে সামনে রেখে সংসদ ভবনে সরকারি দলের সভাকক্ষে আজ বুধবার বিএনপির সংসদীয় দলের সভা হয়েছে সংসদ নেতা তারেক রহমানের সভাপতিত্বে। সভায় তারেক রহমানের সাথে মঞ্চে একপাশে ছিলেন চিফ হুইপ নূরুল ইসলাম মনি। অন্য পাশে ছিলেন যথাক্রমে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও সালাহউদ্দিন আহমদ। সভায় অংশ নিয়েছেন বিএনপির এমন একজন সংসদ সদস্য বলেছেন, তারেক রহমান তার নির্দেশনামূলক বক্তব্যে বলেছেন, জুলাই সনদের যেসব বিষয় বাস্তবায়নযোগ্য, সরকার সেগুলো বাস্তবায়নের উদ্যোগ নেবে।

(বিবিসি ওয়েব পেজ : ১১.০৩.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালীর কাছে ক্ষেপণাস্ত্রের আঘাতে ক্ষতিগ্রস্ত কনটেইনার জাহাজ যুক্তরাজ্য

হরমুজ প্রণালীর কাছে অজ্ঞাত ক্ষেপণাস্ত্রের আঘাতে একটি কনটেইনার জাহাজ ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানিয়েছে যুক্তরাজ্যের সামুদ্রিক পর্যবেক্ষণ সংস্থা ইউকে মেরিটাইম ট্রেড অপারেশনস (ইউকেএমটিও)। সংস্থাটি জানায়, সংযুক্ত আরব আমিরাতের উপকূল থেকে প্রায় ৪৬ কিলোমিটার (২৫ নটিক্যাল মাইল) দূরে জাহাজটি আ ঘাতের শিকার হয়। জাহাজটির মাস্টার জানিয়েছেন , ক্ষেপণাস্ত্রের আঘাতে জাহাজটি ক্ষতিগ্রস্ত হলেও সব নাবিক নিরাপদ আছেন এবং তাদের সবার খোঁজ পাওয়া গেছে। ক্ষতির পরিমাণ কতটা, তা এখনো স্পষ্ট নয়। এ ঘটনার বিষয়ে তদন্ত করছে ব্রিটিশ কর্তৃপক্ষ। সেইসাথে, ইউকেএমটিও ওই অঞ্চল দিয়ে চলাচল করা সব জাহাজকে সতর্ক থাকতে বলেছে।

(বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

## এশিয়ায় তেলের দাম স্থিতিশীল

ইরানে যুদ্ধ শুরু হওয়ার পর থেকে সাম্প্রতিক সময়ে তেলের দামে তীব্র ওঠানামা হয়েছে। তবে আজ বুধবার সকালে এশিয়ায় তেলের দাম কিছুটা স্থিতিশীল হয়েছে। বর্তমানে যুক্তরাষ্ট্রে লেনদেন হওয়া ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট অপরিশোধিত তেলের দাম প্রতি ব্যারেল ৮৩ দশমিক ৩৫ ডলার (৬২ দশমিক ছয় পাউন্ড)। আর ব্রেন্ট ক্রুডের দাম প্রায় ৮৭ দশমিক ৮৮ ডলার। সোমবার তেলের দাম প্রায় ১২০ ডলারে উঠেছিলো। এখন তা কিছুটা কমেছে। তবে যুদ্ধ শুরুর আগের তুলনায় এখনও তেলের দাম অনেক বেশি। দাম কমাতে আন্তর্জাতিক জ্বালানি সংস্থার সদস্য দেশগুলো তেলের মজুত ছাড়ার একটি সম্ভাব্য পরিকল্পনা নিয়ে আলোচনা করছে, যদিও এ বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি।

(বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালীর কাছে ১৬টি ইরানি মাইন বসানোর জাহাজ ধ্বংসের দাবি যুক্তরাষ্ট্রের

যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড বা সেন্টকম জানিয়েছে , মার্কিন বাহিনী হরমুজ প্রণালীর কাছে ইরানের ১৬টি মাইন পাতা জাহাজ লক্ষ্য করে হামলা চালিয়েছে। তারা সেই হামলার একটি ভিডিও ফুটেজও প্রকাশ করেছে। সোমবার পেন্টাগনে এক ব্রি ফিংয়ে যুক্তরাষ্ট্রের জয়েন্ট চিফস অব স্টাফের চেয়ারম্যান জেনারেল ড্যান কেইন বলেন , 'অপারেশন এপিক ফিউরি'-র তিনটি প্রধান লক্ষ্যগুলোর একটি হলো ইরানের নৌবাহিনী ধ্বংস করা । এর আগে, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুমকি দিয়েছিলেন, হরমুজ প্রণালীতে মাইন বসানোর চেষ্টা করলে যেকোনো ইরানি জাহাজ ধ্বংস করা হবে। হরমুজ প্রণালী মধ্যপ্রাচ্যের একটি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক নৌপথ, যেখানে সম্প্রতি কনটেইনার জাহাজেও হামলার ঘটনা ঘটেছে। প্রকাশিত ভিডিওতে দেখা যায় , বিভিন্ন আকারের জাহাজ প্রজে ক্টাইলের আঘাতে বিস্ফোরিত হচ্ছে। (বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

## দেনা ফ্রিগেটে নিহত ৮৪ নাবিকের মরদেহ ইরানি দূতাবাসে হস্তান্তরের নির্দেশ

শ্রীলঙ্কার কাছে যুক্তরাষ্ট্রের সাবমেরিনের আঘাতে ডুবে যাওয়া ইরানি যুদ্ধজাহাজ 'আইআরআইএস দেনা' থেকে উদ্ধার করা ৮৪ নাবিকের মরদেহ ইরানি দূতাবাসের কাছে হস্তা ন্তরের নির্দেশ দিয়েছে শ্রীলঙ্কার একটি আদালত। গত চৌঠা মার্চ সকালে একটি মার্কিন সাবমেরিনের টর্পেডো হামলায় দেনা ফ্রিগেট ডুবে যায়। শ্রীলঙ্কা তখন জাহাজটির ৩২ জন নাবিককে উদ্ধার করতে সক্ষম হয়। ইরানের সামরিক বাহিনীর ওয়েবসাইট গতকাল জানিয়েছে , দেনা জাহাজে নিহত ১০৪ জন নাবিকের মধ্যে ৮৪ জনের মরদেহ শনাক্ত করা হয়েছে এবং সেগুলো শীঘ্রই ইরানে ফেরত পাঠানো হবে। প্রতিবেদন অনুযায়ী, শ্রীলঙ্কার ডুবুরিরা চেষ্টা করেও জাহাজের বাকি ২০ নাবিকের কোনো হদিস পায়নি। ইরানের সেনাবাহিনী তাদেরকে "অমর" বলে উল্লেখ করেছে। ইরানে যুদ্ধ শুরুর প্রায় দুই সপ্তাহ আগে ফেব্রুয়ারিতে দিনা ফ্রিগেট ভারতে আয়োজিত আন্তর্জাতিক মহড়া 'গ্লোবাল ফ্লিট রিভিউ ২০২৬'-এ অংশ নিয়েছিল। ভারতের সাবেক পররাষ্ট্রসচিব কানওয়াল সিবাল এক্সে লিখেছেন , "আমরা যদি তাদেরকে সামরিক মহড়ায় আমন্ত্রণ না জানাতাম , তাহলে হয়তো এমনটি ঘটত না। আমরা ছিলাম স্বা গতিক।" তিনি আরও লিখেছেন, মহড়ার নিয়ম অনুযায়ী জাহাজগুলোতে কোনো গোলাবারুদ রাখা যেত না , ফলে জাহাজটি ছিল প্রতিরক্ষাহীন। এই ঘটনায় যুক্তরাষ্ট্রকে গভীরভাবে অনুতপ্ত হতে হবে বলে সতর্ক করেছে ইরান।(বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

## জামিন পেলেন সাংবাদিক আনিস আলমগীর

দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা মামলায় জামিন পেয়েছেন বাংলাদেশের একজন সিনিয়র সাংবাদিক আনিস আলমগীর। আজ বুধবার ঢাকা মহানগর দায়রা জজ মো . সাব্বির ফয়েজ শুনানি শেষে তার জামিন মঞ্জুর করেন। এ নিয়ে তার বিরুদ্ধে থাকা দু 'টি মামলায় জামিন পেলেন। সে ক্ষেত্রে তার কারামুক্তি তে বাধা নেই বলে জানিয়েছেন তার আইনজীবী তাসলিমা জাহান পপি।(বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

## নিরাপদ আছেন মোজতবা খামেনি: ইউসুফ পেজেশকিয়ান

ইরানের নতুন সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি আহত হয়েছেন—এমন খবরে তিনি 'নিরাপদ' আছেন বলে জানিয়েছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের ছেলে ইউসুফ পেজেশকিয়ান। টেলিগ্রামে তিনি লিখেছেন, তিনি 'শুনেছেন' সর্বোচ্চ নেতা আহত হয়েছেন। "আমি কয়েকজন বন্ধুর সঙ্গে কথা বলেছি , যাদের সংশ্লিষ্ট যোগাযোগ রয়েছে। তারা বলেছেন, আল্লাহর কৃপায় তিনি নিরাপদ আছেন এবং কোনো সমস্যা নেই ," তিনি বলেন। সর্বোচ্চ নেতা হিসেবে নিয়োগের পর থেকে মোজতবা খামেনি কোনো বিবৃতি দেননি বা প্রকাশ্যে উপস্থিত হননি।
(বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

## প্রথম সংসদ অধিবেশনের আগে সরকার দলীয় ও বিরোধী দলীয় সভা

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান আজ বুধবার সকাল ১১টায় জাতীয় সংসদ সচিবালয়ের পশ্চিম ব্লকে সরকার দলীয় সংসদ সদস্যগণের সাথে বৈঠক করেন। এই বৈঠকে সরকার দলীয় সংসদ সদস্যরা অংশ নেন। বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা শফিকুর রহমানের সভাপতিত্বে সংসদ ভবনের বিরোধী দলীয় নেতার কক্ষে জামায়াতে ইসলামীর সংসদ সদস্যদের নিয়ে ও বৈঠক হয় আজ। কীভাবে সংসদ কার্যক্রম পরিচালনা করা হবে, বৈঠকে তারা সেসব আলোচনা করেছেন। উল্লেখ্য, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রথম অধিবেশন শুরু হবে আগামীকাল বৃহস্পতিবার এবং সেখানেই সিদ্ধান্ত নেওয়া হবে যে নতুন সংসদের স্পিকার ও ডেপুটি স্পিকার কে হতে যাচ্ছেন। সাধারণত ক্ষমতাসীন দল থেকেই স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচিত হবে। তবে এবার ডেপুটি স্পিকারের পদটি বিরোধী দল জামায়াতে ইসলামীকে দেওয়ার প্রস্তাব দিয়েছে বিএনপি। জামায়াতে ইসলাম সেই প্রস্তাব গ্রহণ করবে কিনা, সে বিষয়ে এখনও চূড়ান্ত কিছু জানা যায়নি। বৈঠক শেষে জামা য়াতের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের সাংবাদিকদের বলেন, "আমরা একটি সিদ্ধান্ত নিয়েছে। কিন্তু সিদ্ধান্তটা কী, সেটা খোলাসা হবে তখন, যখন আনুষ্ঠানিকভাবে এ বিষয়ে আলোচনা হবে। " এ প্রসঙ্গে জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে সাংবাদিকদের বলেন যে প্রধানমন্ত্রী অত্যন্ত উদারতা দেখিয়ে বিরোধী দলকে

ডেপুটি স্পিকার পদ দেওয়ার প্রস্তাব দিলেও এ বিষয়ে তারা এখনো কোনো 'পজেটিভ রেসপন্স' পাননি। পেলে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। (বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

## মধ্যপ্রাচ্যে সংঘাত শুরুর পর থেকে ১৩টি জাহাজে হামলা: ইউকেএমটিও

ইউকে মেরিটাইম ট্রেড অপারেশন্স বা ইউকেএমটিও জানিয়েছে, সংঘাত শুরুর পর থেকে মধ্যপ্রাচ্য অঞ্চলে ১৩টি জাহাজে হামলার খবর পেয়েছে তারা। সংস্থাটি বলছে, সন্দেহজনক কর্মকাণ্ডের আরও চারটি রিপোর্ট পাওয়া গেছে। আরব উপসাগর, হরমুজ প্রণালী ও ওমান উপসাগরের ভেতরে ও আশেপাশে চলাচলকারী জাহাজগুলোতে হামলা সংক্রান্ত মোট ঘটনা ১৭-তে দাঁড়িয়েছে। আজ সকালে তিনটি বাণিজ্যিক জাহাজে পৃথকভাবে 'অজানা প্রকৃতির ক্ষেপণাস্ত্র" আঘাত হানার রিপোর্টের পর এই তথ্য হালনাগাদ করা হয়। এর মধ্যে একটি জাহাজ ও মানের উত্তরে আঘাতপ্রাপ্ত হওয়ার পর তার ক্রুরা জাহাজ ছাড়তে বাধ্য হন।(বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালী দিয়ে 'এক লিটার তেলও' পার হতে দেবে না ইরান

ইরানের প্রতিশোধমূলক পাল্টা হামলার নীতি "শেষ হয়েছে" বলে এক বিবৃতিতে জানিয়েছেন তেহরানের খাতাম আল-আনবিয়া সামরিক কমান্ড সদর দফতরের একজন মুখপাত্র। মুখপাত্র ইব্রাহিম জোলফাকারি বলেন, তেহরানের বর্তমান নীতি হবে "আঘাতের বদলে আঘাত"। জোলফাকারি আরও বলেন, তেহরান হরমুজ প্রণালী দিয়ে যুক্তরাষ্ট্র, ইসরায়েল এবং তাদের অংশীদারদের কাছে "এক লিটার তেলও" পৌঁছুতে দেবে না। "তাদের অনুগত যে কোনো জাহাজ বা ট্যাংকার বৈধ লক্ষ্যবস্তু হিসেবে গণ্য হবে"- বলেন তিনি। তিনি আরো বলেন, "ব্যারেল প্রতি তেল ২০০ ডলার হওয়ার জন্য প্রস্তুত থাকুন, কারণ তেলের দাম এই অঞ্চলের নিরাপত্তার ওপর নির্ভরশীল যা আপনারা নষ্ট করেছেন"। (বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

## ৪০ কোটি ব্যারেল জ্বালানি তেল ছাড়ার অনুমোদন দিয়েছে আইইএ

হরমুজ প্রণালী 'কার্যত বন্ধ' হয়ে যাওয়ায় তেলের সরবরাহে যে ঘাটতি তৈরি হয়েছে তা পুষিয়ে নিতে ৪০ কোটি ব্যারেল তেল ছাড়ার অনুমোদন দেবে বলে ঘোষণা দিয়েছেন আন্তর্জাতিক জ্বালানি সংস্থা বা আইইএ'র নির্বাহী পরিচালক ফাতিহ বিরল। তিনি জানান, আইইএ- এর ৩২টি সদস্য দেশ 'সর্বসম্মতিক্রমে' তাদের "জরুরি তেলের মজুত থেকে এ যাবৎকালের সবচেয়ে বেশি পরিমাণ তেল" বাজারে ছাড়ার পক্ষে ভোট দিয়েছে। আইইএ–এর নির্বাহী পরিচালক বলেন, "তেলবাজারে আমরা যে ধরনের চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছি, তার সত্যিই অভূতপূর্ব। তাই আমি অত্যন্ত আনন্দিত যে আইইএ–এর সদস্য দেশগুলো অভূতপূর্ব পরিসরের একটি জরুরি সমষ্টিগত পদক্ষেপ নিয়েছে"। আইইএ জানিয়েছে, সদস্য দেশগুলোর নিজস্ব পরিস্থিতি অনুযায়ী "যথোপযুক্ত সময়সীমার মধ্যে" এই জরুরি মজুত বাজারে ছাড়া হবে। সংস্থাটি বলছে, ১৯৯১, ২০০৫, ২০১১ এবং ২০২২ সালে দু'বার—এ পর্যন্ত মোট ছয়বার আইইএ সমন্বিতভাবে তেলের মজুত ছাড়ার অনুমোদন দিয়েছে। তারা আরও জানায়, সদস্যদেশগুলোর কাছে ১০২ কোটি ব্যারেলের বেশি জরুরি মজুত রয়েছে এবং শিল্প খাতের কাছে সরকারের বাধ্যবাধকতার আওতায় আরও ৬০ কোটি ব্যারেল মজুত আছে। (বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

## ফুটবল বিশ্বকাপে খেলবে না ইরান ক্রীড়ামন্ত্রী

ইরানের ক্রীড়া ও যুবমন্ত্রী জানিয়েছেন, ২০২৬ সালের বিশ্বকাপে অংশগ্রহণের মতো অবস্থানে নেই দেশটির জাতীয় ফুটবল দল। মঙ্গলবার আইআরআইবি স্পোর্টস নেটওয়ার্ক কে দেওয়া এক সাক্ষাৎকারে আহমদ দোনইয়ামালি যুক্তরাষ্ট্রের প্রতি ইঙ্গিত করে বলেন, "যেহেতু এই দুর্নীতিগ্রস্ত সরকার আমাদের নেতাকে হত্যা করেছে, তাই কোনো অবস্থাতেই আমাদের বিশ্বকাপে অংশগ্রহণের মতো উপযুক্ত পরিবেশ নেই"। "আমাদের ছেলেরা সেখানে নিরাপদ নয় এবং অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় শর্তগুলোও বিদ্যমান নেই" বলেন তিনি। দোনইয়ামালি আরো জানান, "গত আট থেকে নয় মাসে আমাদের ওপর দুইটি যুদ্ধ চাপিয়ে দেওয়া হয়েছে এবং আমাদের কয়েক হাজার মানুষ নিহত ও শহীদ হয়েছেন। তাই আমাদের পক্ষে অংশগ্রহণ করা নিশ্চিতভাবেই অসম্ভব"। ইরানের ফুটবল ফেডারেশনের প্রধানও গতকাল বিশ্বকাপে অংশগ্রহণের সক্ষমতা নিয়ে প্রশ্ন তুলেছেন, তবে তার যুক্তি ভিন্ন ছিল। অস্ট্রেলিয়ায় খেলতে যাওয়ার পর ইরানের নারী জাতীয় ফুটবল দলের ছয়জন সদস্য তাদের কাছ থেকে মানবিক ভিসা পেয়েছেন। মেহেদী তাজ বলেন, "নারী ফুটবলারদের জন্য যে সমস্যাগুলো তৈরি করা হয়েছে, বিশ্বকাপের প্রেক্ষাপটও যদি এমন হয়, তবে কোনো সুস্থ মস্তিষ্কই আমেরিকায় দল পাঠাতে রাজি হবে না"। (বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ রনি)

## ইসরায়েলের সাথে কূটনৈতিক সম্পর্ক কমিয়ে এনেছে স্পেন

তেল আভিভ থেকে রাষ্ট্রদূতকে প্রত্যাহার করে তার পরিবর্তে একজন চার্জ দ্য অ্যাফেয়ার্স নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে স্পেন। রয়টার্সের তথ্য অনুযায়ী, বুধবার স্প্যানিশ সরকারের সরকারি গেজেটে এই সিদ্ধান্ত প্রকাশিত হয়েছে। ইরানের ওপর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার অন্যতম কড়া সমালোচক স্পেন, যা কি না যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকেও ক্ষুব্ধ করেছে। ইরানে হামলার জন্য যুক্তরাষ্ট্রের যৌথ ঘাঁটি মোরন এবং রোটা ব্যবহারের অনুমতি দেয়নি স্পেন। এতে ক্ষুব্ধ হয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প স্পেনকে "বিরক্তিকর" বলে অভিহিত করেছেন এবং দেশটির ওপর পূর্ণ বাণিজ্য নিষেধাজ্ঞা আরোপের হুমকি দিয়েছেন। স্প্যানিশ প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ এর জবাবে

বলেছেন, "আপনি একটি অবৈধ কাজের জবাব আরেকটি অবৈধ কাজ দিয়ে দিতে পারেন না, কারণ সেখান থেকেই মানবতার বড় ট্র্যাজেডিগুলোর শুরু হয়।" গাজা যুদ্ধেও স্পেন ইসরায়েলের কঠোর সমালোচকদের একজন ছিল। একইসাথে ইউরোপীয় দেশগুলোর মধ্যে এই দেশটিই একটি স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার অন্যতম প্রধান সমর্থক। (বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ রনি)

## যুদ্ধ 'শিগগিরই' শেষ হবে, এক্সিওসকে ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মার্কিন সংবাদমাধ্যম অ্যাক্সিওসকে বলেছেন, যুদ্ধ "শিগগিরই" শেষ হবে এবং ইরানে "আঘাত করার মতো আসলে আর কিছুই বাকি নেই"। অ্যাক্সিওসের প্রতিবেদন অনুযায়ী ট্রাম্প বলেন, "আমি যখনই চাইব এটি শেষ হোক, তখনই এটি শেষ হবে"। গত ২৮ শে ফেব্রুয়ারি ইসরায়েলের সাথে যৌথভাবে ইরানে হামলা শুরু করে যুক্তরাষ্ট্র। তবে ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ গত বুধবার বলেছেন, এই যুদ্ধ "কোনো সময়সীমা ছাড়াই চলবে"। রয়টার্স এবং দ্য টাইমস অফ ইসরায়েলের তথ্য অনুযায়ী, কাৎজ জানিয়েছেন, যত দিন প্রয়োজন এবং ইসরায়েল-মার্কিন যৌথ অভিযানের সমস্ত লক্ষ্য অর্জিত না হওয়া পর্যন্ত এই যুদ্ধ চলবে।
(বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ রনি)

## ঢাকায় বিড়াল হত্যার দায়ে একজনের ছয় মাসের কারাদণ্ড

ঢাকার মোহাম্মদপুরে পোষা বিড়াল হত্যার ঘটনায় করা মামলায় একজন ব্যক্তির ছয় মাসের কারাদণ্ড এবং দশ হাজার টাকা অর্থদণ্ডের আদেশ দিয়েছে আদালত। অর্থদণ্ড অনাদায়ে তাকে আরও এক মাসের কারাভোগ করতে হবে। বুধবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আলবিরুনী মীরের এ রায় ঘোষণা করেন। বাংলাদেশের রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস এ খবর প্রকাশ করেছে। দণ্ডপ্রাপ্ত ব্যক্তির নাম আকবর হোসেন শিবলু। মামলার অভিযোগ থেকে জানা যায়, ২০২৫ সালের পহেলা ফেব্রুয়ারি দুপুরের দিকে মোহাম্মদপুরের মুক্তিযোদ্ধা টাওয়ারের নবম তলায় বসবাসকারী মনসুর নামের একজনের পোষা বিড়াল হারিয়ে যায়। পরে ভবনের সিসিটিভি ফুটেজে বিড়ালটিকে হত্যা করতে দেখা যায় মি. শিবলুকে। তিনি মনসুরের প্রতিবেশী। এ ঘটনায় ২০২৫ সালের পাঁচ ফেব্রুয়ারি বিড়াল হত্যার অভি যোগ এনে আদালতে মামলার আবেদন করেন পিপলস ফর অ্যানিমেল ওয়েলফেয়ারের পক্ষে নাফিসা নওরীন চৌধুরী। একই বছরের ১৪ই জুলাই আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করেন আদালত। মামলার বিচার চলাকালে চারজন সাক্ষী আদালতে সাক্ষ্য দেন।(বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

## আমরা কেবল শত্রুর সম্পূর্ণ পরাজয় শিকারের কথা ভাবছি ইরানের বিপ্লবী গার্ডের বিবৃতি

ইরানের বিপ্লবী গার্ড বাহিনী বা আইআরজিসি এক বিবৃতিতে জানিয়েছে, তারা হামলার ৩৮তম ধাপ শুরু করেছে। "কুয়েতের আদিরি হেলিকপ্টার ঘাঁটিতে দুইটি শক্তিশালী ও যুগপৎ ক্ষেপণাস্ত্র হামলা করা হয়েছে, এতে আহত একশো জন ব্যক্তিকে দেশটির আল জাবের এবং আল মুবারাক হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে" বলে আইআরজিসির বিবৃতিতে জানানো হয়েছে। বিউরিং ঘাঁটি আগে আদিরি নামে পরিচিত ছিল এবং এটি কুয়েতের উত্তরাঞ্চলে অবস্থিত। বিবৃতিতে আইআরজিসি আরো জানিয়েছে, তারা বাহরাইনের "মিনা সালমান বন্দরে অবস্থিত আমেরিকান ঘাঁটিতে" ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে। এছাড়াও বিবৃতিতে বলা হয়, "কুয়েতের দুইটি নৌঘাঁটি 'মোহাম্মদ আল আহমদ' ও 'আলী আল সালেম' এ অবস্থিত ক্যাম্প প্যাট্রিয়ট এবং মার্কিন সন্ত্রাসী সেনাদের আবাসন ও সরঞ্জাম রাখার গুদামগুলোতে ও ভয়াবহভাবে হামলা" করা হয়েছে। "আমরা কেবল শত্রুর সম্পূর্ণ পরাজয় শিকারের কথা ভাবছি। আমরা তখনই এই যুদ্ধ শেষ করব যখন দেশ থেকে যুদ্ধের ছায়া অপসারিত হবে"- এমন ঘোষণা দিয়ে বিবৃতিটি শেষ করেছে আইআরজিসি।(বিবিসি ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ এলিনা)

# এনএইচকে

## হরমুজ প্রণালিতে ইরানের মাইন পুঁতে রাখার সংবাদে সতর্কতা জারি করেছেন ট্রাম্প

মার্কিন টিভি নেটওয়ার্ক সিএনএন মঙ্গলবার জানিয়েছে যে ইরান হরমুজ প্রণালিতে মাইন স্থাপন শুরু করেছে। সেই সংবাদ প্রকাশিত হওয়ার প্রায় একই সময়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের প্রতি কড়া সতর্কতা জারি করেছিলেন। মার্কিন গোয়েন্দা প্রতিবেদনের সাথে পরিচিত সূত্রের বরাত দিয়ে সিএনএন বলছে, তেহরানের কার্যকরভাবে বন্ধ করে দেওয়া প্রণালিতে ইরান মাইন বসাতে শুরু করেছে। সূত্রগুলো এরকম বলেছে বলে জানা যায় যে, সাম্প্রতিক দিনগুলোতে বেশ কিছু সংখ্যক মাইন বসানো হয়েছে। ট্রাম্প সামাজিক মাধ্যমে পোস্ট করা এক বার্তায় বলেছেন, "ইরান যদি হরমুজ প্রণালিতে কোনও মাইন স্থাপন করে থাকে এবং আমাদের কাছে তাদের সেরকম পদক্ষেপের কোনও খবর নেই, আমরা চাই সেগুলো যেন'অবিলম্বে' সরিয়ে নেয়া হয়!" তিনি আরও বলেন, "যদি কোনও কারণে মাইন স্থাপন করা হয় এবং তা অবিলম্বে অপসারণ করা না হয়, ইরানের উপর এর সামরিক পরিণতি তাহলে এমন পর্যায়ে পৌঁছাবে যা আগে কখনও দেখা যায়নি।" (এনএইচকে ওয়েবপেইজ: ১১.০৩.২৬ রনি)

# ডয়চে ভেলে

## দুদকের মামলায় আনিস আলমগীরের জামিন

দুর্নীতি দমন কমিশন (দুদক)-এর করা মামলায় সাংবাদিক আনিস আলমগীরের জামিন মঞ্জুর করেছেন আদালত। এ নিয়ে তিনি দুটি মামলায় জামিন পেলেন। গত ১৫ জানুয়ারি তার বিরুদ্ধে দুদক মামলা করে। মামলায় আনিস আলমগীরের বিরুদ্ধে ৩ কোটি ২৬ লাখ ৪৮ হাজার ৯৩৮ টাকার জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ আনা হয়। ২৫ জানুয়ারি এই মামলায় তাকে গ্রেপ্তার দেখানোর আবেদন করে দুদক। তাকে এই মামলায় গ্রেপ্তার দেখানোর আবেদন মঞ্জুর করেন আদালত। আজ তিনি এই মামলায় জামিন পেলেন। আজ বুধবার ঢাকা মহা নগর দায়রা জজ মো. সাব্বির ফয়েজ শুনানি নিয়ে আনিস আলমগীরের জামিন মঞ্জুর করেন। এ নিয়ে আনিস আলমগীর তার বিরুদ্ধে থাকা দুটি মামলাতেই জামিন পেলেন। সে ক্ষেত্রে আনিস আলমগীরের কারামুক্তিতে আইনগত বাধা নেই বলে জানিয়েছেন তার আইনজীবী তাসলিমা জাহান। জিজ্ঞাসাবাদের জন্য গত বছরের ১৪ ডিসেম্বর রাতে রাজধানীর ধানমন্ডির একটি ব্যায়ামাগার থেকে আনিস আলমগীরকে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগে (ডিবি) নেওয়া হয়। পরদিন ১৫ ডিসেম্বর তাকে উত্তরা পশ্চিম থানার সন্ত্রাসবিরোধী আইনের মামলায় গ্রেপ্তার করা হয়। পরে তাকে পাঁচ দিন রিমান্ডে নেওয়া হয়। রিমান্ড শেষে তাকে কারাগারে পাঠানো হয়। সন্ত্রাসবিরোধী আইনের মামলায় ৫ মার্চ আনিস আলমগীরকে জামিন দেন উচ্চ আদালত। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১১.০৩.২০২৬ রুবাইয়া)

## বিনা বিচারে কারাবন্দি আর কতদিন?

অন্তর্বর্তী সরকারের আমলে গ্রেপ্তার হওয়া সাবেক মন্ত্রী , সাংসদ, রাজনীতিবিদ, সাবেক আমলা ও সাংবাদিকদের মধ্যে অনেকে দিনের পর দিন বিনা বিচারে আটক আছেন। তাদের বিরুদ্ধে এখনও চার্জশিট বা অভিযোগপত্র দাখিল করা হয়নি। তাদের জামিনও দেয়া হচ্ছে না। এই বিষয়ে জানতে চাইলে ঢাকা মহানগর পাবলিক প্রসিকিউটর ওমর ফারুক ফারুকী ডয়চে ভেলেকে বলেন, "বিনা বিচারে কেউ কারাগারে বন্দি নেই।" যাদের বিরুদ্ধে মামলার চার্জশিট এখনও হয়নি তারা কেন এখনও কারাবন্দি আছেন , জানতে চাইলে তিনি বলেন , "তারা জামিন পেলে মামলায় প্রভাব বিস্তার করতে পারেন এমন অভিযোগ থাকলে আমরা তাদের জামিনের বিরোধিতা করছি। আর যারা জামিন পেলে পালিয়ে যাবেন না , মামলায় প্রভাব বিস্তার করবেন না তাদের জামিনের ক্ষেত্রে আমরা কোনো বিরোধিতা করছি না। তারা জামিনে ছাড়াও পাচ্ছেন।" সিনিয়র আইনজীবী মনজিল মোরশেদ ডয়চে ভেলেকে বলেন , "গত ১২ ফেব্রুয়ারি নির্বাচন পরবর্তী সময়ে জামিনের পরিমাণ বেড়েছে। কিন্তু একেকজনের বিরুদ্ধে অনেকগুলো মামলা থাকায় কারাগার থেকে মুক্তি পেতে হয়ত সময় লাগছে , তবে জামিনের এই ধারা অব্যাহত থাকলে বিনা বিচারে যারা কারাগারে আছেন তাদের অনেকেই মুক্তি পাবেন।" ঢাকা কেন্দ্রীয় কারাগারের সহকারী মহাপরিদর্শক মো . জান্নাত উল ফরহাদ ডয়চে ভেলেকে বলেন, "১২ ফেব্রুয়ারি নির্বাচনের আগে সারাদেশে কারাবন্দি ছিলেন ৮৫ হাজার মানুষ। আর আজকে (বুধবার) সারাদেশের কারাগারে বন্দির সংখ্যা ৮০ হাজার। অর্থাৎ নির্বাচনের পর পাঁচ হাজার মানুষ কারাগার থেকে মুক্তি পেয়েছেন।"

### জামিন হচ্ছে না

সাবেক আমলা শাহ কামাল ৫৬৮ দিন ধরে কারাগারে আটক থাকলেও তার বিরুদ্ধে এখনও অভিযোগপত্র দাখিল করা হয়নি। সাংবাদিক ফরজানা রুপা ও শাকিল আহমদ চার্জশিট ছাড়াই আটক আছেন ৫৬৫ দিন। এছাড়া সাবেক মন্ত্রী টিপু মুনশী ৫৫৭ দিন, সাবেক মন্ত্রী আসাদুজ্জামান নূর ৫৪০ দিন, ভোরের কাগজ সম্পাদক শ্যামল দত্ত ও একাত্তর টিভির প্রধান নির্বাহী মোজাম্মেল হক বাবু ৫৩৮ দিন ও সাবেক মেয়র আতিকুল হক ৫১০ দিন ধরে আটক থাকলেও তাদের বিরুদ্ধে এখনও অভিযোগপত্র দাখিল করা হয়নি। সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হক ২২৮ দিন ধরে কারাগারে আছেন। তার বিরুদ্ধেও চার্জশিট দাখিল করা হয়নি। তবে বুধবার তিনি সবগুলো মামলায় জামিন পেয়েছেন। তার আর কারামুক্তিতে কোনো বাধা নেই বলে জানিয়েছেন তার আইনজীবী মোতাহার হোসেন সাজু। জামিনের আদেশের পর তিনি ডয়চে ভেলেকে বলেছেন , "সরকার আসলে কী চাচ্ছে সেটা এখন বোঝা যাবে। সরকারি আইনজীবীরা যদি চেম্বার আদালতে না যান তাহলে বুঝবো সাবেক প্রধান বিচারপতি মুক্তি পেতে পারেন। তবে আমরা শুনছি, অ্যাটর্নি জেনারেলের দপ্তর চেম্বার আদালতে যাওয়ার প্রস্তুতি নিচ্ছেন। এখন চেম্বার আদালত যদি জামিন বহাল রাখেন তাহলে সাবেক প্রধান বিচারপতি মুক্তি পেতে পারেন।" বুধবার জামিন পেয়েছেন সাংবাদিক আনিস আলমগীরও। দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা মামলায় তার জামিন মঞ্জুর করেছেন আদালত। বুধবার ঢাকা মহানগর দায়রা জজ মো. সাব্বির ফয়েজ শুনানি নিয়ে আনিস আলমগীরের জামিন মঞ্জুর করেন। এ নিয়ে আনিস আলমগীর তার বিরুদ্ধে থাকা দুটি মামলাতেই জামিন পেলেন। সে ক্ষেত্রে আনিস আলমগীরের কারামুক্তিতে আইনগত বাধা নেই বলে জানিয়েছেন তার আইনজীবী তাসলিমা জাহান পপি।

### কারাবন্দি অন্য সাংবাদিকদের মুক্তি মিলবে কবে?

কমনওয়েলথ জার্নালিস্টস অ্যাসোসিয়েশন (সিজেএ) অন্তর্বর্তী সরকারের সময়ে গ্রেপ্তার হওয়া সাংবাদিকদের মুক্তির জন্য বিএনপি সরকারের প্রতি আহ্বান জানিয়েছে। সংগঠনটি এক বিবৃতিতে বলেছে , "মৌলিক অধিকার লঙ্ঘন করে

হত্যাসহ বিভিন্ন ভুয়া অভিযোগে এক বছরের বেশি সময় ধরে কারাগারে থাকা সাংবাদিকদের অবিলম্বে মুক্তি দেওয়ার দাবি জানাই।" এর আগে সম্পাদক পরিষদ এবং বাংলাদেশে মানবাধিকার রক্ষাকারী ৬৩ জন বিশিষ্ট ব্যক্তি সাংবাদিকদের নির্বিচারে আটক ও বিচার প্রক্রিয়া নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। হিউম্যান রাইটস অ্যান্ড পিস ফর বাংলাদেশ (এইচআরপিবি) প্রেসিডেন্ট ও সুপ্রিম কোর্টের সিনিয়র অ্যাডভোকেট মনজিল মোরশেদ বলেন, "অন্তর্বর্তী সরকার সাংবাদিকদের বিরুদ্ধে যেসব অভিযোগ এনেছে তা মিথ্যা। এসব মামলা থেকে দ্রুত মুক্তি পাওয়ার আইনি কাঠামো এখনও দেশের মধ্যে তৈরি হয়নি। নতুন সরকারের কাছে প্রত্যাশা থাকবে যেন মামলা থেকে বন্দি সাংবাদিকদের দ্রুত মুক্তি দেওয়া হয়। এতে বিশ্বজুড়ে নতুন বার্তা পৌঁছাবে।" বর্তমানে শ্যামল দত্ত, মোজাম্মেল বাবু, শাকিল আহমেদ, ফারজানা রুপা, শাহরিয়ার কবীর, মাইটিভির চেয়ারম্যান নাসির উদ্দিন সাথী কারাগারে আছেন। এদের মধ্যে অন্তত দুইজনের পরিবারের সঙ্গে কথা হয়েছে ডয়চে ভেলের। তারা জানান, গত ডিসেম্বরে জামিনের আবেদন করা হয়েছে, কিন্তু সেগুলো শুনানির জন্য সামনে আনা হচ্ছে না।

তবে সাংবাদিক আনিস আলমগীরের জামিন হওয়ায় তারা এখন আশান্বিত বলে জানিয়েছেন। সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী সাইদ আহমেদ রাজা ডয়চে ভেলেকে বলেন, "গত ১২ ফেব্রুয়ারির নির্বাচনের পর বন্দিদের দুইভাবে ভাগ করা হয়েছে। একটি ভাগে আছেন রাজনৈতিক নেতাকর্মীরা এবং অপরভাগে আছেন পেশাজীবীরা। রাজনৈতিক নেতাকর্মীদের ক্ষেত্রে আমরা যেটা দেখতে পাচ্ছি, অত্যন্ত পরিচিত নেতা না হলে বা স্থানীয় পর্যায়ের নেতা হলে তাদের জামিন হচ্ছে এবং নতুন করে শোন অ্যারেস্ট করছে না। তারা জামিনে মুক্তি পাচ্ছেন। অন্যদিকে সাংবাদিক, বিচারপতি, শিক্ষক, সচিবসহ পেশাজীবীদের ক্ষেত্রে সরকারের কাছে প্রত্যাশা ছিল, দ্রুত এই মামলাগুলোর শুনানি হবে এবং যারা বিনা বিচারে কারাগারে আছেন তাদের জামিন হবে। কিন্তু সেটা হচ্ছে না। আগে আমরা যেটা দেখেছি, বয়স্ক বা অসুস্থ হলে আদালত বিশেষ বিবেচনায় নিতেন, এখন সেটাও হচ্ছে না। সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হকের বয়স ৮৩ বছর, সাংবাদিক শাহরিয়ার কবীর তো গুরুতর অসুস্থ। এটাও বিবেচনায় নেওয়া হচ্ছে না।"

**কারাবন্দি সাবেক আমলাদের বিরুদ্ধে অভিযোগ কী?**

২০২৪ সালের ৫ আগস্ট পরবর্তী সময় কারাগারে থাকা সাবেক শীর্ষ ১০ কর্মকর্তা হলেন, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপদেষ্টা ড. কামাল আব্দুল নাসের চৌধুরী, সাবেক স্বরাষ্ট্র সচিব ও নির্বাচন কমিশন সচিব মো. জাহাঙ্গীর আলম, সাবেক যুব ও ক্রীড়া সচিব মেজবা উদ্দিন, সাবেক প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ও সংসদ সদস্য মো. আবুল কালাম আজাদ, সাবেক স্বরাষ্ট্র সচিব মো. আমিনুল ইসলাম খান, এনবিআর চেয়ারম্যান নজিবুর রহমান, সাবেক স্বরাষ্ট্র সচিব মোস্তফা কামাল উদ্দিন, সাবেক সচিব ও নির্বাচন কমিশন সচিব হেলাল উদ্দিন আহম্মদ, সাবেক সমাজ কল্যাণ সচিব ইসমাঈল হোসেন, সাবেক দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব শাহ কামাল। এদের মধ্যে বিস্ফোরক উপাদানাবলী আইন ১৯০৮ এ গ্রেপ্তার করা হয়েছে মেজবা উদ্দিন, আবুল কালাম আজাদ, আমিনুল ইসলাম খান, নজিবুর রহমান, মোস্তফা কামাল উদ্দিনকে। হত্যা মামলায় আটক হয়েছেন জাহাঙ্গীর আলম, কামাল আব্দুল নাসের চৌধুরী, হেলাল উদ্দিন আহম্মদকে। হেলাল উদ্দিন আহম্মদের বিরুদ্ধে রয়েছে রাষ্ট্রদ্রোহের অভিযোগ। দুদকে আইনে আটক রয়েছে ইসমাঈল হোসন। অর্থপাচার ও দুর্নীতি মামলায় আটক আছেন শাহ কামাল।

সরকারের শীর্ষ পর্যায়ের এমন আমলাদের বিরুদ্ধে হত্যা ও বিস্ফোরক উপাদানাবলী আইনে আটক বিষয়টি নতুন সরকারের প্রশাসনযন্ত্রে কেমন প্রভাব ফেলবে কি না জানতে চাইলে সম্প্রতি জেল থেকে মুক্তি পাওয়া সাবেক সচিব আবু আলম শহিদ খান ডয়চে ভেলেকে বলেন, "শুধু সরকারি কর্মকর্তা না, সবার ক্ষেত্রেই আমি বলব, এই ধরনের মিথ্যা মামলায় কাউকেই আটকে রাখা উচিত না। আমার বিরুদ্ধেই যে মামলা দিয়েছিল তা শতভাগ মিথ্যা। কারো নামে সুনির্দিষ্ট দুর্নীতির অভিযোগ থাকলে, অর্থ লোপাটের অভিযোগ থাকলে, সরকারি চাকরি নিয়ম-নীতি ভঙ্গ করার অভিযোগ থাকলে, ক্ষমতার অপব্যবহারের অভিযোগ থাকলে মামলা হতেই পারে। নির্মোহভাবে মামলা হলে কোনো কিছু বলার থাকে না। আইন অনুযায়ী ব্যবস্থা নিতেই পারে। তবে এ ধরনের মামলা হলে তা মামলার মেরিট নষ্ট করে, সরকার তো ইতোমধ্যে বলেছে এসব মামলায় সচিবদের অন্তর্ভুক্ত করায় আসলে মামলাগুলো দুর্বল করা হয়েছে। ফলে এটা বাঞ্ছনীয় নয়।"

**কারাবন্দি রাজনৈতিক নেতাকর্মী কত?**

২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকার পতনের পর রাজধানীতে ৭০৬টি মামলা হয়েছে। হত্যা, দুর্নীতি ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগে আইনশৃঙ্খলা বাহিনী পাঁচ হাজারের বেশি রাজনৈতিক নেতাকর্মীকে গ্রেপ্তার করেছে। এদের মধ্যে সাবেক মন্ত্রী-এমপিও আছেন। ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) তথ্যমতে, ছাত্র-জনতার আন্দোলনে সংঘাত ও প্রাণহানিসহ বিভিন্ন অপরাধের অভিযোগে করা মামলায় এক বছরে ৫ হাজার ৭৯ জনকে গ্রেপ্তারের পর তাদের কারাগারে পাঠানো হয়েছে। রাজধানীর ৫০ থানায় মামলা হয়েছে ৭০৬টি। সারা দেশে মামলা ১৬০২টি। গ্রেপ্তারকৃতদের মধ্যে সাবেক মন্ত্রী ২৩, প্রতিমন্ত্রী-উপমন্ত্রী, ১১, এমপি ৬৬, সংরক্ষিত মহিলা আসনের এমপি ৮ এবং ১৯ জন আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য রয়েছেন। এছাড়া রাজনীতিবিদ, সাংবাদিকসহ বিভিন্ন পেশার রয়েছে ৪৫ জন। এর মধ্যে ৭ জন এমপি ও মন্ত্রী জামিন পেয়েছেন। এছাড়াও মানবতাবিরোধী অপরাধের অভিযোগে আন্তর্জাতিক

অপরাধ ট্রাইব্যুনালে ২৭টির মতো মামলা হয়েছে। যেখানে শেখ হাসিনাসহ ২০৬ জনকে আসামি করা রয়েছে। এদের মধ্যে ৭৩ জন গ্রেফতার হয়েছেন বলে জানা গেছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ১১.০৩.২০২৬ রুবাইয়া)

## এক লিটার তেলও হরমুজ দিয়ে যাবে নাঃ ইরান

ইরানের সেনাবাহিনী জানিয়েছে , যুক্তরাষ্ট্র, ইসরায়েল বা তাদের মিত্রদের যে -কোনো জাহাজকে হরমুজ প্রণালীতে (হামলার) লক্ষ্যবস্তু করা হবে। ইরানের সামরিক বাহিনীর কেন্দ্রীয় অপারেশনাল কমান্ড খাতাম আল -আম্বিয়া বুধবার রাষ্ট্রীয় টেলিভিশনে সম্প্রচারিত এক বিবৃতিতে বলেছে , জাহাজগুলোকে "বৈধ লক্ষ্যবস্তু হিসাবে বিবেচনা করা হবে।" বিবৃতিতে আরো বলা হয়, ইরানের বাহিনী হরমুজ প্রণালী দিয়ে "এক লিটার তেলও চলাচল করতে দেবে না।" হরমুজ প্রনালী দিয়ে বিশ্বব্যাপী পরিবহন করা মোট তেলের প্রায় ২০% চলাচল করে। ইরান ও ওমানের মধ্যে সবচেয়ে সংকীর্ণ স্থানে অবস্থিত এই প্রণালীটি মাত্র ৩৩ কিলোমিটার (২১ মাইল) প্রশস্ত। সেখান দিয়ে যাওয়ার সময় জাহাজগুলো ইরানের ড্রোন এবং রকেটের সহজ লক্ষ্যবস্তুতে পরিণত হচ্ছে। বুধবার , হরমুজ প্রণালীর কাছে তিনটি পণ্যবাহী জাহাজে অজ্ঞাত প্রজেক্টাইল আঘাত হানে। একটি জাহাজে আগুন লেগে যায়। (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ১১.০৩.২০২৬ রুবাইয়া)

## ভারত থেকে পাঁচ হাজার টন ডিজেল পাচ্ছে বাংলাদেশ

পাইপলাইনের মাধ্যমে ভারত বাংলাদেশে পাঁচ হাজার টন ডিজেল পাঠানো শুরু করেছে বলে ভারতীয় সংবাদ সংস্থা এএনআইকে মঙ্গলবার জানিয়েছেন বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন বিপিসির চেয়ারম্যান মুহাম্মদ রেজানুর রহমান। তিনি বলেন, "আমাদের সঙ্গে ভারতের একটি চুক্তি রয়েছে। প্রতি বছর ভারত পাইপলাইনের মাধ্যমে আমাদের এক লক্ষ ৮০ হাজার টন ডিজেল দেয়। এখন যে ডিজেল এসেছে , সেটা সেই চুক্তির অংশ। " বাংলাদেশের দ্য বিজনেস স্ট্যান্ডার্ড পত্রিকা জানিয়েছে, ২০২৬ সালে ভারত থেকে এক লাখ ৮০ হাজার টন ডিজেল আমদানির জন্য ১২ কোটি ডলারের বাজেট অনুমোদন করেছে বিপিসি। বুধবার সন্ধ্যা নাগাদ বাংলাদেশে পাঁচ হাজার টন ডিজেল পৌঁছে যাবে বলেও জানিয়েছে পত্রিকাটি। বিপিসির চেয়ারম্যান রেজানুর রহমান জানান , "চুক্তি অনুযায়ী প্রথম ছয়মাসে ৯০ হাজার টন ডিজেল বাংলাদেশে পাঠাবে ভারত। মঙ্গলবার পাঁচ হাজার টন এসেছে। আমরা আশা করছি , আগামী দুই মাসের মধ্যে আমরা ছয় মাসের জন্য প্রাপ্য ডিজেলের পুরোটাই পেয়ে যাব। " ভারত বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন ইনিশিয়েটিভ ২০১৭ সালে চালু হয়। নুমালিগড় শোধনাগার থেকে ডিজেল বাণিজ্যিক ভিত্তিতে পাঠানো হয়। এদিকে , চীনা কোম্পানি পেট্রোচায়নার একটি কার্গো ২৭ হাজার মেট্রিক টন ডিজেল নিয়ে সোমবার চট্টগ্রামে পৌঁছেছে বলে রয়টার্সকে জানিয়েছেন বিপিসির এক কর্মকর্তা। এছাড়া ২৮ হাজার টন ডিজেল নিয়ে আসা আরেকটি কার্গোও চট্টগ্রা ম বন্দরের বহির্নোঙ্গরে পৌঁছেছে বলে জানান তিনি। (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ১১.০৩.২০২৬ রুবাইয়া)

## যুক্তরাষ্ট্রের হামলায় নিহত ৮৪ ইরানি নাবিকের মৃতদেহ ইরান দূতাবাসে হস্তান্তরের নির্দেশ

যুক্তরাষ্ট্রের হামলায় নিহত ৮৪ জন নাবিকের মৃতদেহ ইরানের দূতাবাসে হস্তান্তরের নির্দেশ দিয়েছে শ্রীলঙ্কার একটি আদালত। আজ বুধবার শ্রীলঙ্কার সংবাদমাধ্যম এ খবর জানায়। গত সপ্তাহে শ্রীলঙ্কার উপকূলে ইরানের যুদ্ধজাহাজ আইআরআইএস দেনা-য় হামলা চালায় যুক্তরাষ্ট্রের টর্পেডো। সাবমেরিন থেকে ছোঁড়া টর্পেডোর আঘাতে মারা যান অন্তত ৮৪ জন নাবিক। ইরানের যু দ্ধজাহাজটি ভারতে আয়োজিত নৌ মহড়ায় অংশ নিয়ে দেশে ফিরছিল। নিহত নাবিকদের মৃতদেহ কলম্বোয় অবস্থিত ইরান দূতাবাসের কাছে হস্তান্তরের জন্য আদালতের অনুমতি চেয়েছিল শ্রীলঙ্কার দক্ষিণাঞ্চলীয় বন্দরনগর গালে-র হারবার পুলিশ। স্থানীয় সংবাদমাধ্যমের খবর অনুযায়ী , বুধবার আদালত ৮৪ জন নাবিকের মরদেহ ইরানের দূতাবাস কর্তৃপক্ষের কাছে হস্তান্তরের নির্দেশ দিয়েছে। নিহত নাবিকদের মৃতদেহগুলো এখন গালে -র জাতীয় হাসপাতালের মর্গে রয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ১১.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## ইদযাত্রায় সড়ক দুর্ঘটনা কমাতে আহছানিয়া মিশনের৯ সুপারিশ

প্রতি বছর ইদকে কেন্দ্র করে দেশের মহাসড়কগুলোতে ভয়াবহ দুর্ঘটনা ঘটে , যা বহু প্রাণ কেড়ে নেয়। ইদযাত্রায় সড়কে বেপরোয়া হয়ে ওঠে যানবাহন। বাসের পাশাপাশি পাল্লা দিয়ে সড়কে ছুটে চলে মোটরসাইকেলসহ অন্যান্য যানবাহন। অসতর্কভাবে চলে পথচারি। তারই পরিপ্রেক্ষিতে এবারের ইদযাত্রায় সড়ক দুর্ঘটনা কমাতে ৯ সুপারিশ দিয়েছে নিরাপদ সড়ক নিয়ে কাজ করা বেসরকারি সংস্থা ঢাকা আহছানিয়া মিশনের ইয়ুথ ফোরাম।
মঙ্গলবার ঢাকা আহছানিয়া মিশন ইয়ুথ ফোরাম ফর হেলথ অ্যান্ড ওয়েলবিংয়ের সমন্বয়কারী মারজানা মুনতাহা এক সংবাদ সম্মেলনে এই সুপারিশ তুলে ধরে।
সুপারিশগুলো হলো

**১)** বেশিরভাগ সড়ক দুর্ঘটনা সংঘঠিত হয় অতিরিক্ত গতির কারণে। তাই সড়কে যানবাহনের গতি নিয়ন্ত্রণ করতে এই সংক্রান্ত ব্যবস্থাপনা গাইডলাইন অতিসত্তর প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।
**২)** মোটরসাইকেলচালক ও আরোহী উভয়েরই ইদে চলাচলে মানসম্মত হেলমেট ব্যবহার নিশ্চিত করতে হবে।
**৩)** সড়কে ফিটনেসবিহীন গাড়ি চলাচল বন্ধ করতে হবে।

৪) চালকদের কর্মঘণ্টা অবশ্যই নিশ্চিত করতে হবে। যেন ই দযাত্রায় চালকরা পর্যাপ্ত বিশ্রাম পায়। কারণ ক্লান্ত চালক যেমন নিজের জীবনের ঝুঁকি বাড়ায়, তেমনি যাত্রীদের জন্যও বিপজ্জনক পরিস্থিতির সৃষ্টি করে।

**৫)** ইদযাত্রায় গুরুত্বপূর্ণ সড়ক ও মহাসড়কে নছিমন, করিমন, টেম্পুসহ সকল প্রকার ব্যাটারিচালিত যানবাহন ও ভটভটি চলাচল বন্ধ করতে হবে।

**৬)** মদ বা নেশা জাতীয় দ্রব্য সেবন করে যেন গাড়ি না চালায় সেদিকে কঠোর নজরদাতি রাখতে হবে এবং এ সংক্রান্ত বিধি-বিধান বাস্তবায়ন করতে হবে।

**৭)** পরিবহনের পাশাপাশি পথচারি পারাপার ও তাদের নিরাপদে চলাচলে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**৮)** সড়কে শৃঙ্খলা ফেরাতে নিয়োজিত সংশ্লিষ্ট সংস্থাকে দায়বদ্ধতার আওতায় আনতে হবে।

**৯)** বিশ্বব্যাপী সমাদৃত সেইফ সিস্টেম অ্যাপ্রোচের আদলে সমন্বিত সড়ক নিরাপত্তা আইন প্রণয়ন ও বাস্তবায় ন করতে হবে। তাহলেই সড়কে মৃত্যুর মিছিল হ্রাস পাবে এবং সকল সড়ক ব্যবহারকারী ঈদের মত বিভিন্ন উৎসব নিরাপদে পরিবারের সাথে উদযাপন করতে পারবে। (জাগো নিউজ ওয়েব পেজ:**১১**.০৩.২০২৬ আসাদ)

## সংকটের মধ্যে ডিজেল-অকটেন বিক্রি বেড়েছে ১২-১৮ শতাংশ

মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতিতে সা রা বিশ্বের তেল -গ্যাসের বাজার উত্তপ্ত। সংকটে সর্বকালের বেশি দামে বিক্রি হচ্ছে জ্বালানি তেল। এর আঁচ লেগেছে বাংলাদেশেও। তবে সংকটের মধ্যে সাশ্রয়ী না হয়ে আরও কিনছে , মজুত করছে দেশের মানুষ। গত মাসের প্রথম সপ্তাহের চেয়ে চলতি মাসে ডিজেল , অকটেন, পেট্রোলের বিক্রি বেড়েছে **১৮** শতাংশ পর্যন্ত। সংশ্লিষ্টরা বলছেন, বিশ্ব বাজারে দাম বাড়ায় বাংলাদেশ সরকারও দেশে দাম বাড়াবে - এমন আশঙ্কায় ডিলার-ডিস্ট্রিবিউটর থেকে শুরু করে ব্যবহারকারীরাও কৃত্রিম মজুতের দিকে ঝুঁকেছে। বিপিসি বলছে , এটি প্যানিক। প্যানিক কেটে গেলে পরিস্থিতি স্বাভাবিক হয়ে যাবে। জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখার জন্য সব ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে। গত দুদিনে তিনটি জাহাজে ৮৫ হাজার টন ডিজেল চট্টগ্রামে এসেছে। এর মধ্যে একটি খালাস হয়েছে। আরও দুটি খালাসের অপেক্ষায় রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:**১১**.০৩.২০২৬ আসাদ)

## বিভাগীয় পর্যায়ে জ্বালনি তেলের সরবরাহ ১০ শতাংশ বাড়িয়েছে সরকার

দেশের বিভাগীয় শহর পর্যায়ে জ্বালানি তেলের গড় বিক্রি থেকে ২৫ শতাংশ হ্রাস এর পরিবর্তে বর্তমানে **১৫** শতাংশ হ্রাস করে ফিলিং স্টেশন প্রতি বরাদ্দ চার্ট অনুযায়ী জ্বালানি তেল সরবরাহ করার নির্দেশ দিয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন বিপিসি। অর্থাৎ ১০ শতাংশ সরবরাহ বাড়ালো সরকার। বুধবার বিপিসির সচিব শাহিনা সুলতানা স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়।এতে বলা হয় , হ্রাসকৃত বরাদ্দ অনুযায়ী , জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে বিপিসির অধীনস্থ বিপণন কোম্পানিসমূহের ডিপো সুপা র, বিক্রয় কর্মকর্তা এবং ডিলার/এজেন্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। চলমান বৈশ্বিক সংকটময় পরিস্থিতিতে দেশের জনগণের চাহিদা মোতাবেক জ্বালানি তেল সরবরাহ সমুন্নত রাখার লক্ষ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন জ্বালানি তেল সরবরা হ/গ্রহণ সম্পর্কিত বিষয়ে নির্দেশনা প্রদান করে , সেই পরিপ্রেক্ষিতে এই নির্দেশনা দেওয়া হয়েছে বলেও জানানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:**১১**.০৩.২০২৬ আসাদ)

## সংসদ ভবন এলাকায় অস্ত্র বহন ও সমাবেশে নিষেধাজ্ঞা

ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশন ঘিরে সংসদ ভবন এলাকাসহ আশপাশ এলাকায় যে কোনো প্রকার অস্ত্র, বিস্ফোরক দ্রব্য, ক্ষতিকারক ও দূষণীয় দ্রব্য বহনে নিষেধাজ্ঞা দিয়েছে ঢাকা মহানগর পুলিশ । একই সঙ্গে এসব এলাকায় কোনো প্রকার সমাবেশ, মিছিল, শোভাযাত্রা, বিক্ষোভ প্রদর্শন নিষিদ্ধ করে গণবিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বুধবার ঢাকা মেট্রোপলিটন পুলিশের কমিশনার (ভারপ্রাপ্ত) মো. সরওয়ারের সই করা এক গণবিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী **১২** মার্চ ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন হতে যাচ্ছে। অধিবেশন নির্বিঘ্নে চলা নিশ্চিতকরণকল্পে শেরেবাংলা নগরস্থ জাতীয় সংসদ ভবন ও পার্শ্ববর্তী এলাকার শান্তি -শৃঙ্খলা রক্ষা করা প্রয়োজন। ঢাকা মেট্রোপলিটন পুলিশ অর্ডিন্যান্স এর ২৮ ও ২৯ ধারায় অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত এলাকায় **১১** মার্চ বুধবার রাত **১২**টা থেকে সব প্রকার অস্ত্রশস্ত্র , বিস্ফোরক দ্রব্য, অন্যান্য ক্ষতিকারক ও দূষণীয় দ্রব্য বহন এবং যে কোনো প্রকার সমাবেশ, মিছিল, শোভাযাত্রা, বিক্ষোভ প্রদর্শন ইত্যাদি নিষিদ্ধ ঘোষণা করা হলো।
(জাগো নিউজ ওয়েব পেজ:**১১**.০৩.২০২৬ আসাদ)

## উত্তর বাড্ডায় খেলার সময় দেওয়াল চাপায় দুই শিশুর মৃত্যু

রাজধানীর উত্তর বাড্ডায় দেওয়াল চাপা পড়ে দুই শিশুর মৃত্যু হয়েছে। বুধবার দুপুর পৌনে **১**টার দিকে তাদের উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। নিহতরা হলেন, আয়েশা মনি (৯) ও নুসরাত আক্তার (৬)। নিহত আয়েশা মনির বাবা ইকবাল জানান , বেলা সাড়ে **১১**টার দিকে বাড্ডার উত্তর পূর্বাঞ্চল **১০** নম্বর লেনের রাস্তার পাশে খেলার সময় একটি বাসার দেওয়াল ভেঙে চাপা পড়ে আমার মেয়েসহ নুসরাত চাপা পড়ে। এতে গুরুতর আহত হন দুজনই। পরে দ্রুত উদ্ধার করে মেডিকেলে নিয়ে আসলে চিকিৎসক মৃত ঘোষণা করে।ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ক্যাম্পের ইনচার্জ ফারুক মৃত্যুর বিষয়টি

নিশ্চিত করে জা নান, মরদেহ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের মর্গে রাখা হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট থানাকে অবগত করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব

## জুলাই সনদ বাস্তবায়নের পর ডেপুটি স্পিকারের বিষয়ে সিদ্ধান্ত জামায়াত

জুলাই সনদ বাস্তবায়ন হওয়ার পর ডেপুটি স্পিকার নেবে বিরোধী দল; কোনো দয়ায় নয়, অধিকার চায় জামায়াত। বুধবার জাতীয় সংসদ ভবনে বিরোধীদলীয় সংসদীয় কমিটির সভা শেষ হওয়ার পরে গণমাধ্যমে ব্রিফিংয়ে এ কথা জানান জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ।এ সময় জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, আগে জুলাই সনদ নিয়ে আলোচনা হবে, সংবিধান সংস্কার পরিষদ নিয়ে আলোচনা হবে -এরপর আমাদের বিরোধীদলীয় নেতা ডেপুটি স্পিকারের বিষয়ে সিদ্ধান্ত নেবেন। তিনি বলেন, ডেপুটি স্পিকারের বিষয়ে আমরা নাকচ করেছি, এভাবে তো সংসদে ডেপুটি স্পিকার নিতে চাইনি। সংসদে আলোচনা হবে, জুলাই সনদের বিষয়টি আগে নিষ্পত্তি হতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ আসাদ)

## সরকারদলীয় এমপিদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

ক্ষমতাসীন দল বিএনপির সংসদীয় দলের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সংসদ নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে বুধবার বেলা সোয়া ১১টার দিকে জাতীয় সংসদ ভবনে এই বৈঠক শুরু হয়। দুপুর ১টার দিকে বৈঠক শেষ হয়। বিএনপি সূত্রে জানা গেছে, আজকের বৈঠকে নতুন সংসদের স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচনসহ সংসদ অধিবেশনের শুরুতে সভাপতিত্বের বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে। তবে বৈঠকে আলোচিত বিষয়বস্তুর বিস্তারিত তাৎক্ষণিকভাবে জানা যায়নি। এদিন বিরোধীদলের সংসদীয় সভা অনুষ্ঠিত হয়েছে। জাতীয় সংসদে বিরোধীদলের সভাকক্ষে জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের সভাপতিত্বে এই সভা শুরু হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ আসাদ)

## ইরান যুদ্ধ শুরুর পর ৮৫ দেশে বেড়েছে তেলের দাম, নেই বাংলাদেশ

ইরানে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলার পর শুরু হওয়া যুদ্ধে বিশ্বজুড়ে জ্বালানির বাজারে বড় ধরনের অস্থিরতা দেখা দিয়েছে। যুদ্ধ শুরুর পর অন্তত ৮৫টি দেশে তেলের দাম বেড়েছে। তবে এই তালিকায় নেই বাংলাদেশ। খুচরা জ্বালানি মূল্যের আন্তর্জাতিক তথ্যভা ণ্ডার গ্লোবাল পেট্রোল প্রাইসেসের বিশ্লেষণে এ তথ্য উঠে এসেছে। সংস্থাটি বিশ্বের প্রায় ১৫০টি দেশের জ্বালানির খুচরা মূল্য পর্যবেক্ষণ করে। তথ্য অনুযায়ী, পেট্রোলের দাম সবচেয়ে বেশি বেড়েছে ভিয়েতনামে। দেশটিতে গত ২৩ ফেব্রুয়ারি প্রতি লিটার ৯৫-অকটেন পেট্রলের দাম ছিল ০ দশমিক ৭৫ ডলার। ৯ মার্চ তা বেড়ে দাঁড়ায় ১ দশমিক ১৩ ডলারে, যা প্রায় ৫০ শতাংশ বৃদ্ধি। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## কবরস্থানে মাটি ভরাটেও ঘুস নিলেন প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

ঝালকাঠির নলছিটিতে কবরস্থানের মাটি ভরাট প্রকল্পে ঘুস নেওয়ার অভিযোগ ওঠার পর সেই টাকা ফেরত দিয়েছেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) আওলাদ হোসেন। অভিযোগের পর নিজের ভুল স্বীকার করে ঘুস হিসেবে নেওয়া ৯ হাজার টাকা ফেরত দেন তিনি। বুধবার (১১ মার্চ) সকালে অভিযোগকারী নলছিটি পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মোহাম্মদ অলিউল ইসলামের কাছে ওই টাকা ফেরত দেওয়া হয়। স্থানীয় সূত্রে জানা যায়, নলছিটি পৌরসভার মল্লিকপুর সরকারি কবরস্থানে মাটি ভরাটের জন্য একটি টিআর প্রকল্পের আওতায় এক লাখ ১৫ হাজার টাকার কাজ বরাদ্দ দেওয়া হয়। অভিযোগ রয়েছে, কাজটি বাস্তবায়নের সময় অতিরিক্ত খরচের কথা বলে উপজেলা প্রকল্প বা স্তবায়ন কর্মকর্তা আওলাদ হোসেন ঠিকাদারের কাছ থেকে ৯ হাজার টাকা ঘুস নেন। এ ঘটনায় মঙ্গলবার (১০ মার্চ) ঝালকাঠি জেলা প্রশাসকের কাছে লিখিত দেন অলিউল ইসলাম। অভিযোগের পরদিনই বুধবার সকালে পিআইও আওলাদ হোসেন অভিযোগকারীর কাছে ঘুস হিসেবে নেওয়া টাকা ফেরত দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## সলিমুল্লাহ মুসলিম এতিমখানায় নিয়োগে দুর্নীতি মামলার সিদ্ধান্ত

ভুয়া নথি তৈরি করে অবৈধ নিয়োগ ও পদায়নের মাধ্যমে রাষ্ট্রের প্রায় ৩১ লাখ ৪০ হাজার টাকা আর্থিক ক্ষতির অভিযোগে উঠেছে। এ অভিযোগে সমাজসেবা কর্মকর্তাসহ স্যার সলিমুল্লাহ মুস লিম এতিমখানার ঊর্ধ্বতন ৬ কর্মকর্তার বিরুদ্ধে মামলার সিদ্ধান্ত নিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। বুধবার (১১ মার্চ) সংস্থাটির ঊর্ধ্বতন এক কর্মকর্তা মামলা অনুমোদনের বিষয়টি নিশ্চিত করেছেন। শিগগির দুদকের উপ-সহকারী পরিচালক মো. জাকির হোসেন বাদী হয়ে মামলাটি দায়ের করবেন বলে জানা গেছে। অনুমোদিত মামলার আসামিরা হলেন - সমাজসেবা কর্মকর্তা ও স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার তত্ত্বাবধায়ক বডির সাবেক সদস্য মো. জহির উদ্দিন, বগুড়া সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক ও তত্ত্বাবধায়ক বডির সাবেক সদস্য মো. রকনুল হক ও স্যার সলিমুল্লাহ মু সলিম এতিমখানার সাবেক তত্ত্বাবধায়ক মোহাম্মদ কামরুজ্জামান, স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার সাবেক উপ-সহকারী প্রকৌশলী ও বর্তমানে গণসংযোগ কর্মকর্তা মো. আশিকুর রহমান, সাবেক ট্রেড ইন্সট্রাক্টর মোছা. পারভীন বেগম এবং একই প্রতিষ্ঠানের সাবেক প্লামার মো. নয়ন আলী। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে ২২ ছিনতাইকারী ও ৯ কিশোর গ্যাং সদস্যসহ ৪৫ জন গ্রেফতার

চট্টগ্রাম মহানগরের বিভিন্ন থানায় এলাকায় বিশেষ অভিযান চালিয়ে ১৮৭ ইয়াবা উদ্ধারসহ ৪৫ জনকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারদের মধ্যে তিনজন মাদক কারবারি, ২২ জন ছিনতাইকারী, দুজন চাঁদাবাজ, ছয়জন জুয়াড়ি ও ৯ জন কিশোর গ্যাং সদস্য রয়েছে। বুধবার (১১ মার্চ) 'এস-ড্রাইভ' নামে এ অভিযান পরিচালনা করে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (সিএমপি)। পুলিশ কন্ট্রোল রুম সূত্র জানায়, অভিযানে একটি বিদেশি রিভলভার, ৯ রাউন্ড তাজা গুলি, একটি এসএমজি, দুটি ম্যাগাজিন, গুলির কেস, একটি মোটরসাইকেল, একটি মোবাইল ফোন ও একটি ব্যাগ উদ্ধার করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## রোহিঙ্গা ক্যাম্পে ম্যালেরিয়ার ঔষধ-প্রতিরোধী ধরন শনাক্তে গবেষণা

কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পে ম্যালেরিয়ার ঔষধ-প্রতিরোধী ধরন শনাক্তে একটি নজরদারি গবেষণা শুরু করতে যাচ্ছে আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ (আইসিডিডিআর,বি)। বুধবার (১১ মার্চ) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় আইসিডিডিআর,বি। স্বাস্থ্য অধিদপ্তরের জাতীয় ম্যালেরিয়া নির্মূল কর্মসূচি ও ব্র্যাকের সহযোগিতায় পরিচালিত এ উদ্যোগে শিবিরে শনাক্ত হওয়া ম্যালেরিয়া রোগীদের নমুনা বিশ্লেষণের মাধ্যমে সম্ভাব্য ওষুধ-প্রতিরোধী পরজীবী শনাক্তের চেষ্টা করা হবে। সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, প্রতিবেশী দেশ মিয়ানমারে ম্যালেরিয়া পরজীবীর ঔষধ-প্রতিরোধী ধরন ছড়িয়ে পড়ার প্রেক্ষাপটে এই গবেষণা শুরু করা হচ্ছে। বিশেষজ্ঞরা বলছেন, এমন পরজীবী বাংলাদেশে প্রবেশ বা বিস্তার লাভ করলে ২০৩০ সালের মধ্যে ম্যালেরিয়া নির্মূলের জাতীয় লক্ষ্য অর্জন ব্যাহত হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## দলের মন্ত্রী-এমপিদের চলনে–বলনে মার্জিত থাকতে বললেন তারেক রহমান

মন্ত্রী এবং দলের সংসদ সদস্যদের চলনে–বলনে মার্জিত ও সতর্ক থাকতে বলেছেন বিএনপি চেয়ারম্যান, সংসদ নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত বিএনপির সংসদীয় দলের প্রথম সভায় তিনি এ পরামর্শ দেন। সভায় উপস্থিত একাধিক সংসদ সদস্য জাগো নিউজকে জানান, গণমাধ্যমের সঙ্গে কথা বলার ক্ষেত্রেও তিনি (তারেক রহমান) সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন। বিশেষ করে যার যে দায়িত্ব, তার বাইরে যেন কেউ মন্তব্য না করেন—এ বিষয়ে প্রধানমন্ত্রী গুরুত্বারোপ করেছেন। এদিন বেলা সোয়া ১১টায় সভা শুরু হয়ে বিরতিহীনভাবে চলে দুপুর ১টা পর্যন্ত। সভায় সভাপতিত্ব করেন তারেক রহমান। স্বাগত বক্তব্য দেন সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনি। এরপর বক্তব্য দেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। সংসদীয় দলের প্রথম সভায় ২০৯ জন সংসদ সদস্য অংশ নেন। প্রধানমন্ত্রী সভায় দলের জনকল্যাণমুখী বিভিন্ন কর্মসূচি এবং ভবিষ্যতে করণীয় বিষয়ে মন্ত্রী ও সংসদ সদস্যদের দিকনির্দেশনা দেন। নির্বাচনি প্রতিশ্রুতি 'ফ্যামিলি কার্ড' কর্মসূচি প্রসঙ্গে তিনি বলেন, ভোটের আঙুলের কালির দাগ মোছার আগেই আমরা প্রতিশ্রুতি বাস্তবায়ন শুরু করেছি। এটাই হচ্ছে বিএনপি। এই বিএনপিকেই মানুষ দেখতে চায়। তিনি দ্রুত সময়ের মধ্যে ফ্যামিলি কার্ড কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি সারাদেশে খাল খনন কর্মসূচি শুরু করা হবে এবং ডেঙ্গুর মৌসুমকে সামনে রেখে পরিচ্ছন্নতার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সবাইকে সতর্ক করেন। জুলাই জাতীয় সনদ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, কিছু বিষয়ে বিভিন্ন পক্ষের 'নোট অব ডিসেন্ট' থাকলেও সরকার বাস্তবায়নযোগ্য উদ্যোগ নেবে। এর আগে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদও জানিয়েছেন, বিএনপি যতটুকুতে সম্মত হয়েছে, সরকার ততটুকুই বাস্তবায়ন করবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ আসাদ)

## দ্বিগুণের বেশি দামে তিন কার্গো এলএনজি কিনছে সরকার

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতিতে দ্বিগুণের বেশি দামে দুই দেশ থেকে তিন কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস এলএনজি আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর মধ্যে দক্ষিণ কোরিয়া থেকে দুই কার্গো এবং যুক্তরাজ্য থেকে এক কার্গো এলএনজি আনা হবে। তিন কার্গো এলএনজি আমদানিতে ব্যয় হবে ২ হাজার ৬৫৪ কোটি ৫৪ লাখ ৬৩ হাজার ২৮০ টাকা। বুধবার সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ এলএনজি আমদানির প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির আহ্বায়ক অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। বৈঠক সূত্রে জানা যায়, বৈঠকের নির্ধারিত অ্যাজেন্ডার বাইরে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে তিন কার্গো এলএনজি কেনার প্রস্তাব নিয়ে আসা হয়। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি-১০৫(৩) (ক)-অনুসরণ করে আন্তর্জাতিক কোটেশন সংগ্রহ প্রক্রিয়ায় স্পট মার্কেট থেকে এই এলএনজি আনা হবে। চলতি বছরের ৫-৬ এপ্রিল এক কার্গো, ৯-১০ এপ্রিল এক কার্গো এবং ১২-১৩ এপ্রিল আর এক কার্গো এলএনজি আনার পরিকল্পনা করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ আসাদ)

## বিরোধীদলীয় নেতার সম্মতি পেলে চিঠিপ্রকাশ করতে চায় মন্ত্রণালয়

বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ডা. শফিকুর রহমান তার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক মোহাম্মদ মাহমুদুল হাসানকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পদায়নের প্রস্তাব দিয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে লেখা চিঠি নিয়ে এক ধরনের জটিলতা তৈরি হয়েছে। জামায়াত দাবি করছে, এ চিঠির বিষয়ে অবগত নন বিরোধীদলীয় নেতা। তবে পররাষ্ট্র

মন্ত্রণালয় বলছে, চিঠিতে বিরোধীদলীয় নেতার সই রয়েছে। বিরোধীদলীয় নেতার সম্মতি পেলে পররাষ্ট্র মন্ত্রণালয় চিঠিটি জনসমক্ষে প্রকাশ করতে প্রস্তুত। বুধবার পররাষ্ট্রমন্ত্রীকে লেখা বিরোধীদলীয় নেতার চিঠি প্রসঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে এক বিবৃতিতে এমন বক্তব্য এ সেছে। বিবৃতিতে বলা হ য়, ২২ ফেব্রুয়ারি ড. মোহাম্মদ মাহমুদুল হাসান সংসদের বিরোধীদলীয় নেতার পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হিসেবে বিরোধীদলীয় নেতার পক্ষ থেকে পররাষ্ট্র মন্ত্রীকে লেখা একটি চিঠি ইলেকট্রনিক মাধ্যমে প্রেরণ করেন। পরবর্তীতে তিনি একই চিঠি সরাসরি পররাষ্ট্রমন্ত্রীর কাছেও হস্তান্তর করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ আসাদ)

## ইদযাত্রায় সড়কে চাঁদাবাজি আর বাসে বাড়তি ভাড়া চলবে না মালিক সমিতি

আসন্ন ইদযাত্রায় সড়ক নির্বিঘ্ন, নিরাপদ ও চাঁদামুক্ত রাখা হবে। ই দযাত্রীদের কোনোরকম হয়রানি করা যাবে না। বাসে বাড়তি ভাড়া আদায় করা যাবে না। বাড়তি ভাড়া আদায় ঠেকাতে ঢাকার সব বাস টার্মিনালে স্থাপন করা হবে 'প্যাসেঞ্জার হেল্প ডেস্ক'। যাত্রীরা সেখানে অভিযোগ জানাতে পারবেন। বুধবার রাজধানীর মহা খালী আন্তঃজেলা বাস টার্মিনালে এক মতবিনিময় সভায় এসব কথা জানান বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির মহাসচিব ও ঢাকা সড়ক পরিবহন মালিক সমি তির সাধারণ সম্পাদক সাইফুল আলম। ই দযাত্রা নির্বিঘ্ন ও চাঁদামুক্ত করার লক্ষ্যে ' এ মতবিনিময় সভার আয়োজন করে মহাখালী বাস টার্মিনাল মালিক-শ্রমিক ঐক্য পরিষদ। সভায় ময়মনসিংহ ও সিলেটসহ বিভিন্ন জেলায় যাতায়াত করা পরিবহন মালিক , চালক ও তাদের সহকারীরা অংশ নেন। সভায় সাইফুল আলম বলেন, ইদযাত্রা নির্বিঘ্নে করতে সব ধরনের উদ্যোগ নিয়েছে সড়ক পরিবহন মালিক সমিতি। এর মধ্যে অন্যতম মহাখালী, সায়েদাবাদ, গাবতলী বাস টার্মিনালে 'প্যাসেঞ্জার হেল্প ডেস্ক' স্থাপন করা। কোনো বাসে অতিরিক্ত ভাড়া নিলে যাত্রীরা হেল্প ডেস্কে অভিযোগ জানাতে পারবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ আসাদ)

## ফ্যাসিস্টদের দোসর রাষ্ট্রপতির সংসদে ভাষণ দেওয়ার অধিকার নেই : জামায়াতের নায়েবে আমির

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে 'ফ্যাসিস্টদের দোসর' আখ্যা দিয়ে 'সংসদে তার ভাষণ দেওয়ার অধিকার নেই' বলে মন্তব্য করেছেন সংসদে বিরোধীদলীয় উপনেতা ও জামায়াতের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের। মঙ্গলবার দুপুরে সংসদের বিরোধী দলের সংসদ সদস্যদের নিয়ে বৈঠক শেষে তি নি এ মন্তব্য করেন। মোহাম্মদ তাহের বলেন , আগামীকাল যে সংসদ বসবে , সেখানে আমাদের ভূমিকা কী হওয়া উচিত , সে বিষয়ে দিকনির্দেশনা দেওয়া হয়েছে। যেহেতু অধিকাংশ সংসদ সদস্য নতুন , সংসদের ক্রাইটেরিয়া ও কেরেক্টার বিষয়ে আমরা কিছু দিকনির্দেশনা দিয়েছি। জামায়াত সংসদের ডেপুটি স্পিকার পদ নেবে কি না —এ বিষয়ে তিনি বলেন , যখন প্রস্তাব আসবে তখন আমরা জানাবো। আগামীকাল খোলাসা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ আসাদ)

## মশা বাহিত রোগ নিয়ন্ত্রণে ১৪ই মার্চ থেকে সারাদেশে শুরু হচ্ছে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান

দেশের মানুষকে ডেঙ্গু ও চিকুনগু নিয়া থেকে রক্ষায় সরকার আগামী ১৪ মার্চ থেকে সারাদেশে পরিচ্ছন্নতা অভিযান শুরু করতে যাচ্ছে। এই অভিযান শুরুর ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার প্রধানমন্ত্রী একটি বিশেষ ভিডিও বার্তায় দেশের মানুষকে সচেতন হওয়ার আহ্বান জানিয়ে বলেন , ডেঙ্গু ও চিকুনগুনি য়া রোগ এখন আর কোনো নির্দিষ্ট মৌসুমে সীমাবদ্ধ নয়। বর্ষার সময়—জুন থেকে অক্টোবর—ডেঙ্গুর প্রকোপ বেশি থাকলেও যে কোনো সময়ে এ রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকি রয়েছে।প্রধানমন্ত্রী বার্তায় বলেন , আমরা সবাই সচেতন হলে ডেঙ্গু ও চিকুনগুনিয়া থেকে নিজেদের রক্ষা করা সম্ভব। বিশেষ জ্ঞরা জানিয়েছেন, এডিস মশার কামড়ে মানুষ আক্রান্ত হয়। তাই আগে থেকেই সকল প্রতিকারমূলক পদক্ষেপ গ্রহণ করা জরুরি। ভিডিও বার্তায় তিনি বাড়ি এবং আশপাশের এলাকায় পরিষ্কার - পরিচ্ছন্নতা বজায় রাখার পরামর্শ দেন। ফুলের টব , ড্রাম, বালতি, পরিত্যক্ত টায়ার, ডোবা, বাড়ি বা ছাদে পানি জমতে দেওয়া যাবে না। পানির ট্যাংক ঢেকে রাখা জরুরি। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ আসাদ)

## ফ্যাসিস্টদের মতো সাংবাদিকদের ওপর আর যেন চড়াও না হই ফখরুল

গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিতে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রণালয়ের মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন , ফ্যাসিস্টদের মতো সাংবাদিকদের ওপর আর যেন চড়াও না হই , সেদিকে খেয়াল রাখতে হবে। মুক্ত গণমাধ্যম সবার প্রত্যাশা। বুধবার (১১ মার্চ) বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে) ও ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে) আয়োজিত ইফতার ও আলোচনা অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি এ কথা বলেন। বাংলাদেশকে উদারপন্থি গণতান্ত্রিক রাষ্ট্রে পরিণত করার সুযোগ এসেছে উল্লেখ করে মির্জা ফখরুল বলেন , আগামীকাল (বৃহস্পতিবার) ইতিহাস রচিত হতে যাচ্ছে। সম্পূর্ণ নিরপেক্ষভাবে নির্বাচন অনুষ্ঠানের মধ্য দিয়ে সংসদ বসবে। এই সংসদকে সব কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দুতে পরিণত করার আহ্বান জানান তিনি। অনুষ্ঠানে সমাজকল্যাণমন্ত্রী ডা . এ জেড এম জাহিদ হোসেন বলেন , গত ১৭ বছরে অনেক সাংবাদিক নির্যাতিত হয়েছেন, হামলা ও মামলার শিকার হয়েছেন। এমন পরিস্থিতি যেন ভবিষ্যতে না হয় , সে বিষয়ে সোচ্চার হওয়ার আহ্বান জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## সকালে গ্রেফতারের পর বিকেলে কারাগারে ঢাবি শিক্ষক জামাল উদ্দীন

সন্ত্রাসবিরোধী আইনের মামলায় গ্রেফতার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড . আ ক ম জামাল উদ্দীনকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। বুধবার (১১ মার্চ) বিকেলে তাকে আদালতে হাজির করা হলে ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমিনুল ইসলাম এ আদেশ দেন। এর আগে বুধবার সকালে রাজধানীর গুলিস্তান স্টেডিয়াম এলাকার সামনে একটি পদযাত্রা কর্মসূচি থেকে জামাল উদ্দীনকে আটক করে পুলিশ। পরে কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের কার্যক্রমে জড়িত থাকার অভিযোগে সন্ত্রাসবিরোধী আইনের মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়। ঢাকা মহানগর পুলিশের অপরাধ তথ্য ও প্রসিকিউশন বিভাগ সূত্রে এসব তথ্য জানা গেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## যারা সংস্কার বাস্তবায়ন চায় না তাদের ‘অন্তরের সংস্কার’ কামনা পাটওয়ারীর

যারা সংস্কার বাস্তবায়ন করতে চায় না তাদের অন্তরের সংস্কার কামনা করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। বুধবার (১১ মার্চ) রাতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের ভে রিফায়েড পেজে এক পোস্টে তিনি এ কথা বলেন। ওই পোস্টে নাসীরুদ্দীন পাটওয়ারী লেখেন, ‘হে আল্লাহ, যারা সংস্কার বাস্তবায়ন করতে চায় না, তুমি তাদের অন্তরকে সংস্কার করে দাও।’ ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন তৎকালীন অন্তর্বর্তীকালীন সরকারের সংস্কার প্রস্তাবনাগুলোর বাস্ত বায়ন নিয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে মতপার্থক্য চলছে। যার অন্যতম কেন্দ্রে রয়েছে জুলাই জাতীয় সনদ। আগামীকাল বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## ঢাবিতে যদি ‘গাছের ডালে কাউয়া’ স্লোগান হয় তাহলে মানবাধিকার আসবেনা

দেশে মুক্তিযুদ্ধের আদর্শ বাস্তবায়ন হলেই মানবাধিকার থাকবে বলে মন্তব্য করেছেন কিশোরগঞ্জ -৪ এর সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট ফজলুর রহমান। একইসঙ্গে দেশে মানবাধিকারের আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ ঠিক করা জরুরি বলে মন্তব্য করেছেন তিনি। তিনি বলেন, ‘মানবাধিকারের আগে ঢাকা বিশ্ববিদ্যালয় ঠিক করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে যদি গাছের ডালে কাউয়া স্লোগান হয় তাহলে কোনোদিন মানবাধিকার আসবে না।’ বুধবার (১১ মার্চ) বিকেলে রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ আয়োজিত ‘জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ, ২০২৫: নতুন সরকারের কাছে প্রত্যাশা’ শীর্ষক সংলাপে তিনি এ কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## এফবিআইয়ের সঙ্গে সহযোগিতা জোরদারে গুরুত্বারোপ আইজিপির

যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় তদন্ত সংস্থা ফেডারেল ব্যুরো অব ইনভে স্টিগেশনের (এফবিআই) সঙ্গে বাংলাদেশ পুলিশের বিভিন্ন ইউনিটের পারস্পরিক সহযোগিতা ও সম্পর্ক আরও জোরদারের ওপর গুরুত্বারোপ করেছেন পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির। বুধবার (১১ মার্চ) পুলিশ সদরদপ্তরে আইজিপির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে এফবিআইয়ের চার সদস্যে র একটি প্রতিনিধিদল। এ সময় বাংলাদেশ পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এ সময় আইজিপি প্রতিনিধিদলের আগ্রহকে স্বাগত জানিয়ে এফবিআইয়ের সঙ্গে পিবিআই, সিআইডি, এটিইউ ও সিটিটিসিসহ বাংলাদেশ পুলিশের বিভিন্ন ইউনিটের পারস্পরিক সহযোগিতা ও সম্পর্ক আরও জোরদারের ওপর গুরুত্বারোপ করেন। সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত সাক্ষাতে এফবিআই প্রতিনিধিদলের প্রধান বাংলাদেশ পুলিশের সক্ষমতা বৃদ্ধি, সাইবার নিরাপত্তা জোরদার, সাইবার কমপ্লেইন সেন্টার স্থাপন, সামাজিক যোগাযোগমাধ্যম তদারকি, আর্থিক অপরাধ মোকাবিলা এবং প্রযুক্তিনির্ভর তদন্তে সহায়তা প্রদানের বিষয়ে আগ্রহ প্রকাশ করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## অন্তবর্তী সরকারের অধিকাংশ অধ্যাদেশ সংসদে পাস করতে পারবো

অন্তবর্তী সরকারের জারি করা বিভিন্ন অধ্যাদেশের অধিকাংশই বর্তমান সরকার গ্রহণ করবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, এসব অধ্যাদেশের কিছু হয়তো হুবহু গ্রহণ করা হবে, আবার কিছু ক্ষেত্রে সংশোধন এনে সংসদে বিল আকারে পাস করা হবে। অন্তবর্তী সরকারের অনেকগুলো অধ্যাদেশ আমরা পাস করতে পারবো। বুধবার (১১ মার্চ) বিকেলে রাজধানীর বাংলাদেশ -চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ আয়োজিত সংলাপে এসব কথা বলেন তিনি। ‘জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ, ২০২৫: নতুন সরকারের কাছে প্রত্যাশা’ শীর্ষক সংলাপে সভাপতিত্ব করেন নাগরিক প্ল্যাটফর্মের আহ্বায়ক ও সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টা চার্য। অন্তবর্তী সরকারের অধ্যাদেশ প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, কোনো কিছু ইম্পোজ করা, জবরদস্তি করা জাতির জন্যে ভালো ফল নিয়ে আসে না। অন্তবর্তী সরকারের অনেকগুলো অধ্যাদেশ আমরা পাস করতে পারবো। আমরা তাদের অনেকগুলো অধ্যাদেশ গ্রহণ করতে পারবো। আবার কি ছু নিয়ে আলাপ -আলোচনা করতে হবে। কারণ ৩০ কার্যদিবস নয়, ৩০ দিনের মধ্যে এগুলো পাস করতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## জুলাই সনদ বাস্তবায়নে সমঝোতামূলক পদক্ষেপ নেওয়ার আহ্বান এবি পার্টির

প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছে আমার বাংলাদেশ (এবি) পার্টির একটি প্রতিনিধি দল। বুধবার (১১ মার্চ) জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এবি পার্টির প্রতিনিধি দলের নেতৃত্ব দেন দলের চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু। এ সময় জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে সমঝোতামূলক পদক্ষেপ নিতে প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানায় এবি পার্টি। এ ছাড়া আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি এবং দুর্নীতি, চাঁদাবাজি এবং সন্ত্রাস দমনে যৌথ অভিযান পরিচালনায় সরকারকে উদ্যোগ নেওয়ার আহ্বান জানানো হয়। এবি পার্টির সহকারী প্রচার সম্পাদক আজাদুল ইসলাম আজাদ এ তথ্য নিশ্চিত করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## জুনে চালু হবে ই-হেলথ কার্ড: স্বাস্থ্যমন্ত্রী

দেশের স্বাস্থ্যসেবাকে আরও শক্তিশালী, সমন্বিত ও কার্যকর করতে জাতীয় ই-হেলথ কার্ড আগামী জুনের মধ্যেই চালু করার আশাবাদ ব্যক্ত করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন। তিনি বলেছেন, প্রধানমন্ত্রী তারেক রহমান জনগণের সেবা জোরদারে অগ্রাধিকারপ্রাপ্ত উদ্যোগ হিসেবে এ কার্ড বাস্তবায়নের নির্দেশনা দিয়েছেন। বুধবার (১১ মার্চ) ঢাকায় একটি হোটেলে অনুষ্ঠিত জাতীয় ই-হেলথ আইডি বাস্তবায়নের প্রস্তুতি পর্যালোচনা বিষয়ক দুই দিনব্যাপী উচ্চপর্যায়ের নীতিনির্ধারণী কর্মশালার সমাপনী অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। কর্মশালাটি যৌথভাবে আয়োজন করে আইসিটি বিভাগের এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগ এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। স্বাস্থ্যমন্ত্রী বলেন, ই-হেলথ কার্ড চালু হলে দেশের সামগ্রিক স্বাস্থ্যব্যবস্থা উপকৃত হবে। একজন রোগী গ্রাম থেকে শহর—যেখানেই চিকিৎসা নিন না কেন, চিকিৎসক এই কার্ডের মাধ্যমে তার স্বাস্থ্য সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য পেয়ে রোগ নির্ণয় ও চিকিৎসা প্রদানে আরও কার্যকরভাবে সহায়তা করতে পারবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## হাইকোর্টে নিঃশর্ত ক্ষমা চাইলেন বরিশালের ১০ আইনজীবী

আদালত অবমাননার অভিযোগে হাইকোর্টে নিঃশর্ত ক্ষমা চেয়েছেন বরিশাল আইনজীবী সমিতির ১০ সদস্য। আদালত তা গ্রহণ করে ভবিষ্যতের জন্য সতর্ক করে দিয়েছেন। বুধবার (১১ মার্চ) হাইকোর্টের বিচারপতি ফাহমিদা কাদের এবং বিচারপতি মো. আসিফ হাসানের সমন্বয়ে গঠিত বেঞ্চে এ বিষয়ে শুনানিতে তারা ক্ষমা প্রার্থনা করেন। আইনজীবী সমিতির সভাপতি সাদিকুর রহমান লিংকনসহ অন্যরা সশরীরে উপস্থিত হয়ে আইনজীবীর মাধ্যমে আদালতে হাজিরা দেন এবং লিখিতভাবে নিঃশর্ত ক্ষমা চেয়ে আবেদন করেন। বাকি নয় আইনজীবী হলেন সমিতির সেক্রেটারি মির্জা রিয়াজুল ইসলাম, সরকারি কৌঁসুলি (পিপি) আবুল কালাম আজাদ ও নাজিমুদ্দিন পান্না এবং আইনজীবী মহসিন মন্টু, মিজানুর রহমান, মো. আবদুল বারেক, মো. আবদুল মালেক, মো. সাঈদ চৌধুরী ও হাফিজ উদ্দিন বাবলু। আইনজীবীদের পক্ষে শুনানি করেন গাজী কামরুল ইসলাম সজল ও মো. আনিসুর রহমান রায়হান। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মুহাম্মদ শফিকুর রহমান। তিনি জানান, আইনজীবীরা নিঃশর্ত ক্ষমা চেয়ে আবেদন করেন। আদালত আবেদন গ্রহণ করে ভবিষ্যতের জন্য সতর্ক করে তাদের অভিযোগ থেকে অব্যাহতি দিয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

## ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি আপেল মাহমুদ ৩ দিনের রিমান্ডে

রাজধানীর শাহবাগ থানায় সন্ত্রাসবিরোধী আইনে দায়ের করা মামলায় ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি আপেল মাহমুদকে তিন দিনের রিমান্ডে নেওয়ার অনুমতি দিয়েছেন আদালত। বুধবার (১১ মার্চ) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমিনুল ইসলাম জুনাইদ মামলার তদন্ত কর্মকর্তার আবেদন শুনে এ আদেশ দেন। প্রসিকিউশন বিভাগের উপ-পরিদর্শক (এসআই) জিন্নাত আলী বিষয়টি নিশ্চিত করেছেন। আপেল মাহমুদ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সাবেক শিক্ষার্থী। তিনি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক জ্যেষ্ঠ সহ-সভাপতি এবং কেন্দ্রীয় সংসদের সহ-সভাপতির দায়িত্ব পালন করেছেন। পুলিশ জানায়, গত শুক্রবার (৬ মার্চ) সকালে গুলিস্তানের গোলাপ শাহ মাজার এলাকা থেকে আপেল মাহমুদকে গ্রেফতার করা হয়। পরদিন তাকে আদালতে হাজির করা হলে কারাগারে পাঠানোর নির্দেশ দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৩.২০২৬ রিহাব)

# BBC

### IRAN SAYS IT WON'T ALLOW 'A SINGLE LITRE OF OIL' TO PASS THROUGH STRAIT OF HORMUZ

Iran says its policy for reciprocal strikes "has ended", a spokesman for Tehran's Khatam al-Anbiya military command headquarters says in a statement. Tehran's policy now will be "strike upon strike," spokesman Ebrahim Zolfaghari says. Tehran will "not allow even a single litre of oil" to pass through the Strait of Hormuz to reach the US, Israel and their partners, Zolfaghari adds. "Any vessel or tanker bound to them will be a legitimate target."

"Get ready for the oil barrel to be at $200 because the oil price depends on the regional security which you have destabilized," the spokesman adds.
(BBC News Web Page: 11/03/26, FARUK)

**STARMER DEFENDS DECISION TO KEEP UK OUT OF IRAN WAR**

In the UK, Prime Minister's Questions is under way and the focus is on the war in Iran, with Keir Starmer asked about the knock-on impact on the British public and whether British troops will get involved. Starmer defends his decision not to join the war, and says: "Our armed forces are working day and night to protect British lives and British interests in the Middle East. "The RAF have flown over 230 hours of defensive operations over multiple countries, shooting down multiple drones, protecting British lives and our allies," he says. Starmer says fuel duty will "remain frozen until September", and the government will keep the situation under review in light of events in Iran.
(BBC News Web Page: 11/03/26, FARUK)

**KLM CANCELS ALL FLIGHTS TO DUBAI UNTIL 28 MARCH**

The Dutch airline KLM has cancelled all flights to Dubai until 28 March due to "the ongoing geopolitical unrest in the Middle East", it says. Earlier, officials in Dubai said two drones "fell in the vicinity" of Dubai International Airport this morning, and four people were injured. "KLM remains available for the repatriation of stranded travellers," the airline says in a statement on its website, adding that the Dutch Ministry of Foreign Affairs is coordinating this. (BBC News Web Page: 11/03/26, FARUK)

**UK PETROL AND DIESEL PRICES CONTINUE TO RISE**

Drivers in the UK are continuing to see the impact of conflict in the Middle East at the fuel pump. Every $10 increase in the oil price pushes up petrol prices by roughly 7p a litter, analysts say. These changes take about a fortnight to hit but some fuel companies are already starting to put up prices to pre-empt the expected rise in costs. Unleaded petrol has gone up another penny in the last 24 hours to 139p a litter. And diesel is up another 2p to 155.1p, says the RAC's Simon Williams. Diesel has gone up by nearly 13p, or 9%, since the war started and is at its highest price since May 2024, he says. Brent crude, the global benchmark for oil prices, is trading at $89.44 a barrel - more than 20% higher than before the war. (BBC News Web Page: 11/03/26, FARUK)

**IRAN THREATENS ATTACKS ON US AND ISRAELI BANKS IN THE REGION**

A spokesperson of Khatam al- Anbiya, Iran's top joint military command, has threatened that Iran will target Israeli and US banks in the region in retaliation for what he says is the targeting of a bank in Iran. Ebrahim Zolfaghari warns that "people in the region should not be within a one-kilometre radius of banks", reports Iran's state news agency IRNA. "The enemy has given us the freedom to target economic centres and banks" belonging to the US and Israel, says Zolfaghari. Iran's state TV news channel has also reported that a building of state-owned Sepah Bank in Tehran has been targeted.
(BBC News Web Page: 11/03/26, FARUK)

**LEBANON'S HEALTH MINISTRY SAYS SEVEN KILLED IN VILLAGE STRIKE**

Seven people have been killed and 23 injured following strikes in the Bekaa Valley in eastern Lebanon, the state-run National News Agency reports, citing the health ministry. It reports that the seven deaths and 18 of the injuries occurred in the village of Temnie Et Tahta, 45km east of Beirut, with a further five injured in an attack on the nearby village of Ali al-Nahri. In the last couple of hours, the IDF has issued a warning to six villages in southern Lebanon telling people to evacuate their homes immediately.
(BBC News Web Page: 11/03/26, FARUK)

**ISRAEL LAUNCHES FURTHER WAVE OF STRIKES AGAINST BEIRUT AND IRAN**

Israel has announced it has begun a "wide-scale wave" of strikes against Iran while simultaneously launching attacks against Beirut. The Israel Defense Forces (IDF) says it is targeting infrastructure belonging to Hezbollah and the Iranian regime. (BBC News Web Page: 11/03/26, FARUK)

**IRAN WAR CAUSES TURBULENCE FOR UK MORTGAGES**

At times of turmoil lenders often pull mortgage products from sale, unsure of how to price them amid the uncertainty. The Iran war - and its global economic impact - means the cost of borrowing in the UK is likely to be much higher over the coming months than previously expected. The financial information service Moneyfacts says nearly 500 mortgage deals

have been pulled off the shelves in the last two days - the equivalent of 6.5% of the market. It says this is the most turbulent time for the UK mortgage market since the 2022 mini-budget during the premiership of Liz Truss. (BBC News Web Page: 11/03/26, FARUK)

**COUNTRIES MAY RELEASE 'RESERVE' OIL SUPPLIES**

G7 nations have said they support releasing "strategic reserves" of oil as price volatility continues because of the Iran war. All countries that are members of the International Energy Association (IEA) are required to keep reserves of oil in case of global disruption - roughly 90 days worth of supplies. The oil itself is not in a single geographic location. Producers like Shell and BP keep stocks at terminals and refineries around the UK and can earmark stocks held elsewhere as counting towards their reserves. However, energy analysts have told the BBC that given there is a shortage of refining capacity, the release is not a magic switch to increase the flow of refined products like petrol and jet fuel. (BBC News Web Page: 11/03/26, FARUK)

**CREW OF THAI CARGO SHIP BEING RESCUED AFTER STRIKE NEAR STRAIT OF HORMUZ: THAI NAVY**

Thailand's navy says it is providing urgent assistance after a Thai-flagged cargo ship was attacked while sailing through the Strait of Hormuz. In a statement, the Royal Thai Navy says 23 Thai crew members were aboard. Oman's navy has rescued 20 crew members and is "in the process of rescuing" the remaining three, the Thai authorities say. The Thai navy says officials received an initial report of the incident at approximately 11:00, but does not specify the time zone. It says the ship was attacked after departing from Khalifa Port, United Arab Emirates, several hours earlier. The cause of the attack is still under investigation, the statement says. (BBC News Web Page: 11/03/26, FARUK)

**THIRTEEN SHIPS ATTACKED IN MIDDLE EAST REGION SINCE CONFLICT BEGAN**

UK Maritime Trade Operations says it has received reports of 13 ships being attacked in the Middle East since the start of the conflict. It says there have also been four reports of suspicious activity, bringing the total number of incidents affecting ships operating in and around the Arabian Gulf, Strait of Hormuz and Gulf of Oman to 17. The update comes after reports of three commercial vessels being hit by "unknown projectiles" in the area in separate incidents this morning, with the crew of one ship forced to evacuate after the vessel was struck north of Oman. (BBC News Web Page: 11/03/26, FARUK)

**QATAR SAYS IT HAS INTERCEPTED 'MISSILE ATTACK'**

Qatar's defence ministry says it has intercepted a "missile attack". It follows reports that several booms have been heard in Doha. Earlier this morning our correspondent in Doha reported that incoming fire in Qatar had been intercepted after Iran said it had launched its 35th wave of operations. (BBC News Web Page: 11/03/26, FARUK)

(BBC News Web Page: 11/03/26, FARUK)

**:: The End ::**